since 1993

# দিশাবার্তা

ত্রৈমাসিক মুখপত্র

১১তম বর্ষ, সংখ্যা ৫৪, জুলাই - সেপ্টেম্বর ২০২৫


## সম্পাদকীয়

প্রিয় পাঠক,
ডেভেলোপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। যার উদ্দেশ্য দেশের দরিদ্র ও পিছিয়ে পড়া এবং সুবিধাবঞ্চিত মানুষের টেকসই উন্নয়ন করা। দিশা'র মুখ্য কার্যক্রম ক্ষুদ্রঋণ কর্মসূচি। এ ছাড়াও দিশা'র অন্যতম কর্মসূচি হলো আলোঘর কার্যক্রম। যার মাধ্যমে আলোঘর লাইব্রেরি (জ্ঞান ও তথ্যকেন্দ্র) পরিচালনা, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বিভিন্ন শিক্ষাবৃত্তি প্রদান, নতুন প্রজন্মকে বই পড়ায় উৎসাহ প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বইমেলা আয়োজন করা ইত্যাদি।

এ সকল কর্মসূচি বাস্তবায়নে দিশা'র সকল পর্যায়ের কর্মীদের রয়েছে অপরিসীম অবদান। আলোঘর কর্মসূচি বাস্তবায়নে দিশা'র কর্মীরা তাদের মাসিক বেতন থেকে প্রতি মাসে ৫০-১০০ টাকা প্রদান করেন। দিশা ২০১১ সাল থেকে দিশা'র সদস্যদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে পড়ুয়া মেধাবী সন্তানদের ''দিশা আলোঘর শিক্ষাবৃত্তি'' প্রদান করে আসছে। যা দিশা'র কর্মীদের সহায়তা, উদ্বৃত্ত তহবিল এবং বিভিন্ন দানশীল ব্যক্তিদের সহায়তায় পরিচালিত হয়ে আসছে। ২০১১-২০১৯ সাল পর্যন্ত ১৪১৯ জন মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে। এ ছাড়াও উচ্চ মাধ্যমিক শ্রেণিতে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদেরকেও ''দিশা আলোঘর শিক্ষাবৃত্তি''র নীতিমালার আওতায় আনা হয়েছে। ২০২২ সাল হতে প্রবর্তিত এই শিক্ষাবৃত্তির আওতায় ১৫জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হচ্ছে। দরিদ্র ও মেধাবীদের উচ্চশিক্ষা গ্রহণে দিশা'র এই উদ্যোগ উল্লেখযোগ্য অবদান রাখছে। এ জন্য দিশা'র সকল কর্মী, সকল দানশীল ব্যক্তি যারা এই তহবিলে অর্থ দিয়ে সহায়তা করছেন, তাদের সকলকে দিশা'র পক্ষ থেকে নিরন্তর ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

## ড. হোসেন জিল্লুর রহমানের 'অর্থনীতি, শাসন ও ক্ষমতা: যাপিত জীবনের আলেখ্য' শীর্ষক বই এর মোড়ক উন্মোচন ও আলোচনা অনুষ্ঠান




পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও প্রখ্যাত অর্থনীতিবিদ ড. হোসেন জিল্লুর রহমান এর লেখা 'অর্থনীতি, শাসন ও ক্ষমতা: যাপিত জীবনের আলেখ্য' শীর্ষক বই এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান।

পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও প্রখ্যাত অর্থনীতিবিদ ড. হোসেন জিল্লুর রহমান এর লেখা এবং আলোঘর প্রকাশনা থেকে প্রকাশিত 'অর্থনীতি, শাসন ও ক্ষমতা: যাপিত জীবনের আলেখ্য' শীর্ষক বইয়ের প্রকাশনা অনুষ্ঠান ২৬.০৭.২০২৫ তারিখে বেলা ১০.০০ টায় ঢাকার সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. সালেহউদ্দিন আহমেদ, অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা (অর্থ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়); জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, মহাসচিব, বিএনপি; ড. মোহাম্মদ আব্দুল মজিদ, এনবিআর এর সাবেক চেয়ারম্যান ও এসডিএফ'র বর্তমান চেয়ারম্যান; জনাব মো. সহিদ উল্লাহ, প্রকাশক, আলোঘর প্রকাশনা; প্রফেসর ড. মাহবুব উল্লাহ্, অর্থনীতিবিদ ও রাজনৈতিক বিশ্লেষক; জনাব এম. হুমায়ুন কবির, প্রেসিডেন্ট, বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউট; জনাব আলতাফ পারভেজ, লেখক ও রাজনৈতিক বিশ্লেষক; ড.

## ভিতরের পাতায়


পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান, প্রখ্যাত অর্থনীতিবিদ ও সাবেক তত্ত্বধায়ক সরকারের উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান এর লেখা 'অর্থনীতি, শাসন ও ক্ষমতা: যাপিত জীবনের আলেখ্য' শীর্ষক বই এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান- পৃ: ০২

সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব জনাব মোঃ সাইদুর রহমান খান কর্তৃক দিশা'র আলোঘর পাঠাগার পরিদর্শন এবং 'অদম্য মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান-পৃ: ০৩-০৪

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুদানে কিশোর-কিশোরী স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি- পৃ: ৫

সোনারগাঁ শাখার প্রতিবেদন- পৃ: ০৬

ক্ষুদ্রঋণ- পৃ: ০৭

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুদানে সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় আম্রপালি আমের চারা বিতরণ- পৃ: ০৮

দিশা'র ১৯৭তম কার্যনির্বাহী পরিষদ সভা অনুষ্ঠিত-পৃ: ০৯

দিশা'র শাখা ব্যবস্থাপকদের জন্য ''শাখা ব্যবস্থাপনা ও কর্মসূচি উন্নয়ন প্রশিক্ষণ'' কোর্স সম্পন্ন-পৃ: ১০-১১

সোনালী ব্যাংক পিএলসি এর কর্মকর্তাদের দিশা'র বিভিন্ন শাখা পরিদর্শন-পৃ: ১২

''আলোঘর শিক্ষা সংস্কৃতি অনির্বাণ'' অনুষ্ঠান- পৃ: ১৩

আলোঘর প্রকাশনার জোন ভিত্তিক স্কুল-কলেজ এ আয়োজিত ভ্রাম্যমাণ বইমেলা- পৃ: ১৪

দিশা'র "আলোঘর" শিক্ষাবৃত্তি প্রাপ্ত উচ্চ মাধ্যমিক ২০২৫ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সফলতা- পৃ: ১৫

এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদান -পৃ: ১৬

দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি) -পৃ: ১৭

চিকিৎসা সহায়তা -পৃ: ১৮

দিশা প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি) -পৃ: ১৯-২০

আলোঘর প্রকাশনা'র নতুন বইসমূহ-পৃ: ২১

মাতৃভূমি মিষ্টি-পৃ: ২২

ফাহমিদা খাতুন, নির্বাহী পরিচালক, (সিপিডি); জনাব খন্দকার সাখাওয়াত আলী, সমাজতত্ত্ববিদ ও গবেষক; ভূঁইয়া আসাদুজ্জামান, গবেষণা পরিচালক, ঢাকা ইনস্টিটিউট অব রিসার্চ এন্ড এনালিটিক্স (দায়রা); প্রফেসর ড. আবু মোহাম্মদ, বিশিষ্ট শিক্ষাবিদ এবং।

অতিথিবৃন্দ উল্লিখিত বইয়ের উপর বক্তব্য প্রদান করেন এবং সময়োপযোগী বিষয়বস্তুর উপর আলোকপাত করা হয়। অনুষ্ঠানে আরো অনেক গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরিশেষে সভাপতি ড. হোসেন জিল্লুর রহমান সবাইকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

*- নিজস্ব প্রতিবেদক*




অনুষ্ঠানে ড. হোসেন জিল্লুর রহমান এর সাথে দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহ (প্রথম সারিতে বাম থেকে তৃতীয়), আলোঘর লাইব্রেরির পাঠকবৃন্দ এবং অন্যান্য অতিথিগণ।

## সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ সাইদুর রহমান খান কর্তৃক দিশা'র আলোঘর পাঠাগার পরিদর্শন, 'অদম্য মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান এবং দিশা ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (ডিআইএসটি)' কর্তৃক কেয়ারগিভিং প্রশিক্ষণ সম্পন্নকারী প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ

**১৪** সেপ্টেম্বর ২০২৫; জনাব মোঃ সাইদুর রহমান খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সমাজসেবা অধিদপ্তর এবং জনাব আয়েশা আক্তার, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা দিশা পরিচালিত আলোঘর পাঠাগার ও আলোঘর প্রকাশনা কার্যক্রম, 'দিশা ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (ডিআইএসটি)' পরিচালিত বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম এবং মাতৃভূমি ফ্যাশন পরিদর্শন করেন। পরিদর্শনকালে দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ; উপদেষ্টা, দিশা জনাব ছালীমা নাজনীন বীথি ও পরামর্শক (প্রশাসন) জনাব এজিএম বদরুজ্জামান সহ দিশা'র অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

অতঃপর দিশা প্রশিক্ষণ কেন্দ্রে দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ এর সভাপতিত্বে অনুষ্ঠিত কেয়ারগিভিং প্রশিক্ষণ সমাপ্তকারী প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ এবং 'অদম্য মেধাবী শিক্ষার্থীদের' মধ্যে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে জনাব মোঃ সাইদুর রহমান খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সমাজসেবা অধিদপ্তর প্রধান অতিথি হিসেবে এবং জনাব আয়েশা আক্তার, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়,



অদম্য মেধাবীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান করছেন জনাব মোঃ সাইদুর রহমান খান, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ঢাকা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে সনদ ও শিক্ষাবৃত্তি বিতরণ করেন।

অনুষ্ঠানের শুরুতে দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ ও জনাব ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা, দিশা অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে কে ফুল দিয়ে বরণ করেন। এরপর
অনুষ্ঠানের সভাপতি এবং দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ প্রধান অতিথি এবং বিশেষ অতিথির দৃষ্টি আকর্ষণ করে তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে অনুষ্ঠানের উদ্দেশ্য এবং দিশা'র সকল কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দেন। এছাড়া তিনি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাপ্ত ১ লক্ষ টাকা অনুদানে শিক্ষাবৃত্তি, চিকিৎসা সহায়তা এবং আম্রপালি আমের চারা বিতরণ এবং ২০২৪-২০২৫ অর্থবছরে ৫ লক্ষ টাকা অনুদানে শিক্ষাবৃত্তি, কিশোর-কিশোরী স্বাস্থ্য সচেতনতা কর্মসূচী, কারিগরি প্রশিক্ষণ, আম্রপালী আমের চারা বিতরণ করা হয় মর্মে প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের অবহিত করেন।

অদ্যকার অনুষ্ঠানের উদ্দেশ্য ও প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি বলেন, অনুষ্ঠানে ০৩ ক্যাটাগরীর অংশগ্রহণকারী রয়েছেন, প্রথমত ১০ জন সদস্য সন্তান গত ০৩ মাস অর্থাৎ ৩৬০ ঘন্টা ব্যাপী কেয়ারগিভিং প্রশিক্ষণ গ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান সহ তাদের চাকুরীর ব্যবস্থা, দ্বিতীয়ত বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অর্থায়নে ০৫ জন দিশা দরিদ্র সদস্য সন্তানদের ইলেকট্রিক্যাল ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং তৃতীয়ত ২৪ জন অদম্য মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান। অনুষ্ঠানে তিনি তাঁর বক্তব্যে শিক্ষাবৃত্তি প্রাপ্ত ২৪ জন শিক্ষার্থীর মধ্যে যারা আরো উচ্চ পর্যায়ে সরকারি বিশ্ববিদ্যালয়ে/প্রকৌশল বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ ভর্তির সুযোগ পাবেন তাদের দিশা'র পক্ষ থেকে সহায়তার আশ্বাস দেন। সর্বশেষ, অনুষ্ঠানের সভাপতি অনেক ব্যস্ততার মধ্যে অনুষ্ঠানে উপস্থিত হয়ে সময় দেয়ার জন্য প্রধান অতিথি ও বিশেষ অতিথি মহোদয়কে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানান।

দিশা'র উপদেষ্টা জনাব ছালীমা নাজনীন বীথি অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি ও বিশেষ অতিথি, দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী সহ উপস্থিত সকল কর্মকর্তা, আগত অভিভাবক ও অন্যান্য অতিথিবৃন্দ কে শুভেচ্ছা, অভিনন্দন ও আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান, আয়োজিত এ অনুষ্ঠানে তিনি অনুপ্রাণিত হয়েছেন




প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন জনাব মোঃ সাইদুর রহমান খান, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।





জনাব মোঃ সাইদুর রহমান খান, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব); জনাব আয়েশা আক্তার, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা; দিশা আলোঘর (জ্ঞান ও তথ্য কেন্দ্র) ও আলোঘর প্রকাশনা, ডিআইএসটির বিভিন্ন প্রশিক্ষণ ট্রেডের ল্যাবসমূহ পরিদর্শন করেন, পরিদর্শনকালে উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, জনাব ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা এবং দিশা'র উর্ধ্বতণ কর্মকর্তাবৃন্দ।

এবং মানবসেবাই দিশা'র মূল উদ্দেশ্য মর্মে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি জনাব আয়েশা আক্তার, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা তাঁর বক্তব্যে জানান, অনুষ্ঠানে আসার পূর্বেও তিনি কল্পনা করেননি এ অনুষ্ঠানটি এতো হৃদয়গ্রাহী এবং এতো সুন্দর একটি অনুষ্ঠান হবে। তিনি দিশা'র সমগ্র কার্যক্রম বিশেষ করে একটি বেসরকারি প্রতিষ্ঠান বিরাট জনগোষ্ঠীকে নিয়ে দেশের বিস্তৃত এলাকায় কাজ করে যাচ্ছে জেনে তিনি অত্যন্ত আনন্দিত।

অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মোঃ সাইদুর রহমান খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা তাঁর বক্তব্যে জানান, একটি বেসরকারি প্রতিষ্ঠানের এতো বিশাল কর্মযজ্ঞ থাকতে পারে এটা তিনি ভাবতে পারেননি। তিনি অনুষ্ঠানের পূর্বে আলোঘর পাঠাগার ও প্রকাশনা, ডিআইএসটির বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি, মাতৃভূমি ফ্যাশন পরিদর্শন করে অত্যন্ত অভিভূত হয়েছেন মর্মে জানান। তিনি আলোঘর পাঠাগার ও প্রকাশনার সমৃদ্ধি দেখে উচ্ছ্বাস প্রকাশ করেন।

ডিআইএসটি এবং মাতৃভূমি ফ্যাশন কার্যক্রমের মাধ্যমে বেকার সমস্যা সমাধান কল্পে ও চাকুরীর ব্যবস্থা করা খুবই বিরল। তাছাড়া দিশা'র অন্যান্য কর্মসূচী ও সামাজিক কার্যক্রম সম্পর্কে অবহিত হয়ে তিনি অত্যন্ত আনন্দিত এবং সে জন্য দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মোঃ সহিদ উল্লাহ কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং তাঁর ত্যাগ ও মানবসেবার ব্রতকে তিনি অত্যন্ত সম্মানের সঙ্গে দেখেন মর্মে জানান।

সরকারি ও অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানগুলো দিশা'র এ মডেলকে অনুসরণ করতে পারেন মর্মে মতামত ব্যক্ত করেন। তিনি সমাজসেবা অধিদফতরাধীন সরকারি শিশু পরিবার সহ অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিবন্ধী প্রতিষ্ঠানের নিবাসীদের প্রশিক্ষণের মাধ্যমে পূর্ণবাসনের ব্যবস্থা করার জন্য দিশা'র প্রধান নির্বাহীর প্রতি আহবান জানান। এ ব্যাপারে সমাজসেবা অধিদফতর ও দিশা আলোচনার মাধ্যমে একটি এমওইউ করতে পারে, যা একটি মহৎ কর্মকান্ড হিসেবে বিবেচিত হবে মর্মে তিনি মনে করেন।

দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ এবং তাঁর সহকর্মীগণ মানবতার



জনাব মোঃ সাইদুর রহমান খান, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব); জনাব আয়েশা আক্তার, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা; মাতৃভূমি ফ্যাশন পরিদর্শন করেন, পরিদর্শনকালে উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, জনাব ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা এবং দিশা'র উর্ধ্বতণ কর্মকর্তাবৃন্দ।

সেবায় অবিরাম প্রচেষ্টায় নিয়োজিত বিধায় দিশা'র উন্নতি অবশ্যম্ভাবী মর্মে মনে করেন। সমাজসেবা অধিদফতরের সাথে দিশা'র সম্পর্ক অটুট থাকবে বলেও তিনি মনে করেন এবং এ সম্পর্ক অনেক উচ্চতায় নিয়ে যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জ্ঞাপন এবং অনুষ্ঠানে তাকে আমন্ত্রণ জানানোয় দিশা কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করে তাঁর বক্তব্য শেষ করেন।

প্রধান অতিথি বক্তব্য শেষে ২৪ জন দরিদ্র ও অদম্য মেধাবী শিক্ষার্থীদের মধ্যে শিক্ষাবৃত্তি এবং কেয়ারগিভিং প্রশিক্ষণার্থীদের মধ্যে প্রশিক্ষণ সনদ বিতরণ করেন মাননীয় প্রধান অতিথি জনাব মোঃ সাইদুর রহমান খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা ও বিশেষ অতিথি জনাব আয়েশা আক্তার, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়। সনদ ও শিক্ষাবৃত্তি বিতরণ শেষে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের পক্ষ হতে কয়েকজন তাদের অভিব্যক্তি ব্যক্ত করে দিশা'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এ শিক্ষাবৃত্তি তাদের শিক্ষাজীবন অনেক কাজে লাগবে মর্মেও মতামত ব্যক্ত করেন এবং কেয়ারগিভিং সনদ প্রাপ্তদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে মর্মেও আশাবাদ ব্যক্ত করেন।

পরিশেষে অনুষ্ঠানের সভাপতি দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ শিক্ষাবৃত্তি প্রাপ্ত ছেলেমেয়েদের পড়ালেখায় মনোযোগী হওয়ার এবং কেয়ার গিভিং প্রশিক্ষণ সমাপ্তকারী প্রশিক্ষণার্থীদের যথাযথ মানবিক সেবায় আত্মনিয়োগের আহবান জানান। অনুষ্ঠানে উপস্থিতির জন্য পুনরায় প্রধান অতিথি ও বিশেষ অতিথি সহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

*- নিজস্ব প্রতিবেদক*

# সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুদানে কিশোর-কিশোরী স্বাস্থ্য সচেতনতা কর্মসূচির আওতায় স্যানিটারি ন্যাপকিন, ডাস্টবিন বিতরণ এবং স্বাস্থ্য সচেতনতামূলক বিলবোর্ডে স্থাপন

১৩ আগস্ট ২০২৫; দিশা'র কিশোর-কিশোরী স্বাস্থ্য সচেতনতা কর্মসূচির আওতায় বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ থেকে দশম শ্রেণির ছাত্রীদের মাঝে বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন বিতরণ করা হয়। একইসঙ্গে বিদ্যালয়ের পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি বজায় রাখার জন্য ০৪টি বড় (১২০ লিটার) এবং ০২টি ছোট ডাস্টবিন প্রদান করা হয়। বিদ্যালয় প্রাঙ্গণে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি তথ্যবহুল বিলবোর্ডও স্থাপন করা হয়। উক্ত সামগ্রী বিদ্যালয়ের প্রধান শিক্ষক এর নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অতিরিক্ত পরিচালক (উপ-সচিব) জনাব মো.মুখলেসুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা এর উপ-পরিচালক জনাব মো. নুরুল ইসলাম পাটওয়ারী, চান্দিনা উপজেলা সমাজসেবা কর্মকর্তা বেগম নাসিমা আক্তার, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব তপন চন্দ্র দেবনাথ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অতিরিক্ত পরিচালক (উপ-সচিব) জনাব মো. মুখলেসুর রহমান। বিশেষ অতিথি ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা এর চান্দিনার উপ-পরিচালক জনাব মো. নুরুল ইসলাম পাটওয়ারী। এ উদ্যোগের মাধ্যমে দিশা কিশোরীদের স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি, পরিচ্ছন্ন পরিবেশ সৃষ্টি এবং গ্রামীণ সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

অনুষ্ঠান শেষে জনাব মো. মুখলেসুর রহমান, জনাব মো. নুরুল ইসলাম পাটওয়ারী এবং বেগম নাসিমা আক্তার দিশা পরিচালিত মাতৃভূমি বেকারি ও মিষ্টি কারখানা, মাতৃভূমি ফ্যাশনের নকশী কাঁথা তৈরি ও প্রশিক্ষণ কেন্দ্র এবং আলোঘর গ্রন্থাগার ও তথ্যকেন্দ্র পরিদর্শন করেন।

সমগ্র কর্মসূচিতে দিশা'র পক্ষ থেকে উপস্থিত ছিলেন অতিরিক্ত পরিচালক (প্রশাসন) জনাব মো. ইকবাল আহসান এবং পরামর্শক (প্রশাসন) জনাব এজিএম বদরুজ্জামান ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

*- নিজস্ব প্রতিবেদক*



দিশা পরিচালিত কিশোর-কিশোরী স্বাস্থ্যসচেতনতা কর্মসূচির আওতায় বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়, চান্দিনা, কুমিল্লা প্রাঙ্গণে স্থাপিত স্বাস্থ্য সচেতনতামূলক বিলবোর্ড পরিদর্শন করছেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর অতিরিক্ত পরিচালক (উপসচিব), জনাব মো. মুখলেসুর রহমান; জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা এর উপপরিচালক জনাব মো. নুরুল ইসলাম পাটওয়ারী, চান্দিনা উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বেগম নাসিমা আক্তার।




দিশা পরিচালিত কিশোর-কিশোরী স্বাস্থ্য সচেতনতা কর্মসূচির আওতায় বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়, চান্দিনায় অধ্যয়নরত ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির ছাত্রীদের মধ্যে স্যানিটারি ন্যাপকিন বিনামূল্যে বিতরণ করছেন জনাব মো. মুখলেসুর রহমান, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর অতিরিক্ত পরিচালক (উপসচিব)। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জানব মো. নুরুল ইসলাম পাটওয়ারী, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।

DISA since 1993

# দিশাবার্তা ত্রৈমাসিক মুখপত্র

১১তম বর্ষ, সংখ্যা ৫৪, জুলাই - সেপ্টেম্বর ২০২৫

## শাখা প্রোফাইল : সোনারগাঁ শাখা | শাখা কোড : ০০২০

**১৯৯৩** সালে দরিদ্র ও প্রান্তিক মানুষের আর্থসামাজিক উন্নয়নের প্রত্যয়ে গ্রামীণ অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে গ্রামীণ নারীদের আর্থসামাজিক অবস্থার টেকসই উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে সংস্থার প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহর উদ্যোগে ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) প্রতিষ্ঠিত হয়।

সমাজ উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা পর্যায়ক্রমে কুমিল্লা জেলার বরকইট, চান্দিনা, বরুড়া, পয়ালগাছা, দেবিদ্বার, কালাকচুয়া শাখার সফলতা সংস্থার কার্যক্রম সম্প্রসারণকে উদ্বুদ্ধ করে এবং ১ জুন ২০১১ দিশার ২০তম শাখা হিসেবে সোনারগাঁ শাখা, সোনারগাঁ উপজেলা, নারায়ণগঞ্জ জেলায় শাখার কার্যক্রম শুরু হয়।



সোনারগাঁ শাখা | উপজেলা : সোনারগাঁ | জেলা : নারায়ণগঞ্জ

**বর্তমানে কর্মরত শাখার সকল কর্মকর্তা ও কর্মীদের তালিকা:**

| ক্রম. নং | শাখার বর্তমান কর্মকর্তাবৃন্দের নাম | আইডি নং | পদবি |
|---|---|---|---|
| ১ | মো. ইমরান হোসেন | ৩৫২৯ | শাখা ব্যবস্থাপক |
| ২ | মিঠুন বাইন | ৪৭৩৯ | সহকারী শাখা ব্যবস্থাপক কাম হিসাব রক্ষক |
| ৩ | সুজিত কুমার মন্ডল | ৫১৯৩ | সি. ক্রেডিট অফিসার-০৩ |
| ৪ | মো. নাজমুল হাসান | ৩৮২২ | ক্রেডিট অফিসার-০৩ |
| ৫ | শাহরিয়ার ইমন | ৫৭৫৩ | বার্তাবাহক |

### একনজরে সোনারগাঁ শাখার ক্ষুদ্রঋণ কার্যক্রম

**সদস্য সংখ্যা**
১৩০৪ জন
নারী সদস্য - ১২১৩ জন
পুরুষ সদস্য - ৯১ জন

**সমিতি সংখ্যা**
৬৮টি

**সঞ্চয়স্থিতি**
৳ ১,৭২,৯১,০৭৯

**ঋণস্থিতি**
৳ ৪,৩৭,৬৩,১৬০

### ঋণের খাতসমূহ

**জাগরণ**
ঋণী সংখ্যা : ৬৭৯ জন
ঋণস্থিতি : ২,১৪,৯০,১০৬ টাকা

**অগ্রসর**
ঋণী সংখ্যা : ২৮১ জন
ঋণস্থিতি : ১,৬১,৬৫,১০৪ টাকা

**বুনিয়াদ**
ঋণী সংখ্যা : ২১ জন
ঋণস্থিতি : ১,৫৫,৪৪৫ টাকা

**সুফলন**
ঋণী সংখ্যা : ৫৫ জন
ঋণস্থিতি : ২৫,৫০,০০০ টাকা

**ইএল**
ঋণী সংখ্যা : ৪ জন
ঋণস্থিতি : ৪৮,০০,০০০ টাকা

**ওয়াটার ক্রেডিট**
ঋণী সংখ্যা : ১৩ জন
ঋণস্থিতি : ১,৪৩,৩৯৫ টাকা

*প্রতিবেদক: মো. ইমরান হোসেন, শাখা ব্যবস্থাপক, সোনারগাঁ।*

# এক নজরে দিশার ক্ষুদ্রঋণ কার্যক্রম

**দিশা'র** ক্ষুদ্রঋণ কার্যক্রম পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক এবং নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে। বর্তমানে দেশের ১৯টি জেলা-কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, ফেনী, কিশোরগঞ্জ, গাজীপুর, ঢাকা, লক্ষ্মীপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, মানিকগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম ও হবিগঞ্জ এর ১১০টি উপজেলায় ১০৫টি শাখার মাধ্যমে সংস্থার ক্ষুদ্রঋণ ও সেবামূলক কার্যক্রমসমূহ বাস্তবায়িত হচ্ছে।



## জুলাই - সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত দিশা'র ক্ষুদ্রঋণ কার্যক্রমের বিতরণকৃত ঋণের তথ্য

| ঋণের খাতসমূহ | ঋণ বিতরণ কোটি | বিতরণকৃত ঋণী সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | নারী | পুরুষ | মোট |
| জাগরণ | ৫৭.৩৮ | ৯,৫৪৪ | ৪০২ | ৯,৯৪৬ |
| অগ্রসর | ৫০.৩৯ | ৩,৩৫৩ | ২৯৯ | ৩,৬৫২ |
| সুফলন | ২.৮৬ | ৪৯৭ | ১২ | ৫০৯ |
| বুনিয়াদ | ১.১৫ | ৭৩০ | ২৪ | ৭৫৪ |
| ওয়াটার ক্রেডিট এডপশন | ৪.১৭ | ১,৪৭৫ | ৭০ | ১,৫৪৫ |
| ইএল | ২২.২৩ | ১৪১ | ১১৮ | ২৫৯ |
| গৃহায়ন তহবিল | ১.১৫ | ৪৬ | - | ৪৬ |
| সর্বমোট | ১৩৯.৩৩ | ১৫,৭৮৬ | ৯২৫ | ১৬,৭১১ |

## সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত দিশা'র ক্ষুদ্রঋণ কার্যক্রম

| ঋণের খাতসমূহ | সদস্য সংখ্যা | ঋণী সংখ্যা | ঋণস্থিতি (কোটি) | সঞ্চয়স্থিতি (কোটি) |
|---|---|---|---|---|
| জাগরণ | ৮৭,৩১৭ | ৫৫,২৬৪ | ১৪৮.৭২ | ১৩৩.২৫ |
| অগ্রসর | ২০,১৬৬ | ১৮,০৯৪ | ১৩০.৯৬ | ৪৯.৪১ |
| সুফলন (এএসএম) | ১,১১২ | ৯৫৮ | ৫.১৫ | ২.০৬ |
| সুফলন (এসএল) | ৫,৩৪৪ | ৫,৩৪৪ | ২৪.৭৬ | - |
| বুনিয়াদ | ২,৬৬২ | ২,৩০৩ | ২.৩৯ | ০.৪৪ |
| ইএল | ১,১৭৯ | ১,০৭৯ | ৬১.৭৭ | ১৪.৭৪ |
| ওয়াটার ক্রেডিট এডপসন | ৫,২৭৮ | ৪,৮৭১ | ৮.৯২ | ২.৯৯ |
| গৃহায়ন তহবিল | ৫০ | ৫০ | ১.২৫ | - |
| অন্যান্য | ২৫ | ৭৪ | ১.৩২ | - |
| সর্বমোট | ১১৭,৭৩৩ | ৮২,৬৪৩ | ৩৮৯.৯৯ | ২০২.৮৯ |

*প্রতিবেদক: মো. জহির রায়হান, ব্যবস্থাপক, (প্রধান নির্বাহীর দপ্তর)।*

# সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুদানে সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় আম্রপালি আমের চারা বিতরণ

১৩ আগস্ট ২০২৫; সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুদানে দিশা বরুড়া শাখার সদস্যদের মাঝে ৫০০টি আম্রপালি আমের চারা বিনামূল্যে বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অতিরিক্ত পরিচালক (উপ-সচিব) জনাব মো. মুখলেসুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক জনাব মো. নুরুল ইসলাম পাটওয়ারী।

২৬ আগস্ট ২০২৫; একই উদ্যোগের ধারাবাহিকতায় দিশা পয়ালগাছা শাখার সদস্যদের মাঝে আরও ৫০০টি আম্রপালি আমের চারা বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক জনাব মো. নুরুল ইসলাম পাটওয়ারী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারি পরিচালক জনাব মো. মিজানুর রহমান। অতিথিবৃন্দ তাদের বক্তব্যে সামাজিক বনায়নের গুরুত্ব এবং পরিবেশ উন্নয়ন ও অর্থনীতিতে এর ইতিবাচক প্রভাব সম্পর্কে আলোকপাত করেন। উক্ত অনুষ্ঠানে দিশার পক্ষ থেকে উপস্থিত ছিলেন অতিরিক্ত পরিচালক (প্রশাসন) জনাব মো. ইকবাল আহসান, পরামর্শক (প্রশাসন) জনাব এজিএম বদরুজ্জামান এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।


পয়ালগাছা শাখার গ্রামীণ সদস্যদের মাঝে বিনামূল্যে ৫০০ টি আম্রপালি আমের চারা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গাছের চারা বিতরণ করেন জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা এর উপপরিচালক জনাব মো. নুরুল ইসলাম পাটওয়ারী।

*- নিজস্ব প্রতিবেদক*

# অবসরপ্রাপ্ত সচিব জনাব এ কে এম শামিমুল হক ছিদ্দিকী এর দিশা'য় পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) হিসেবে যোগদান



এ কে এম শামিমুল হক ছিদ্দিকী (অবসরপ্রাপ্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) গত ০২ আগস্ট ২০২৫ তারিখে পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) হিসেবে দিশা প্রধান কার্যালয়ে যোগদান করেছেন। তাঁর সুদীর্ঘ প্রশাসনিক অভিজ্ঞতা ও দক্ষতা সংস্থার মানবসম্পদ ব্যবস্থাপনা এবং প্রশাসনিক কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমাদের বিশ্বাস। দিশা পরিবারের পক্ষ হতে তাঁকে আন্তরিক স্বাগতম ও অভিনন্দন।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন তহবিল প্রকল্প


দিশা'র গৃহায়ন তহবিল প্রকল্পের সদস্য জেসমিন আক্তার (০৬৬) ষোলপাড়া কর্মজীবী মহিলা সমিতির, গৌরীপুর শাখা, কুমিল্লা।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) # ১১ অর্জনের লক্ষ্যে সমাজের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য নিরাপদ আবাসস্থল নির্মাণের উদ্দেশ্যে ঋণ প্রদানের একটি কল্যাণমুখী প্রকল্প গ্রহণ করেছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বাংলাদেশ ব্যাংক এর মাধ্যমে এই ঋণ প্রদান করা হবে। দিশা এই প্রকল্পের অন্যতম একটি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান। এই গৃহায়ন তহবিল প্রকল্পের আওতায় গত ০৯.০১.২০২৫ তারিখে ২০০টি গৃহ নির্মাণের জন্য ৫ কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয় এবং এ মর্মে চুক্তি স্বাক্ষরিত হয়। গত ২৭.০৪.২০২৫ তারিখে ১ম কিস্তিতে ৫০টি ঘর নির্মাণের জন্য গৃহায়ন তহবিল থেকে ১.২৫ কোটি টাকা গ্রহণ করা হয়। এই প্রকল্পের আওতায় ৫টি জেলায় (কুমিল্লা, চাঁদপুর, ফেনী, বি-বাড়িয়া, নারায়ণগঞ্জ) ২৪ শাখার আওতায় এই প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

*- নিজস্ব প্রতিবেদক*

# দিশা'র ১৯৭তম কার্যনির্বাহী পরিষদ সভা অনুষ্ঠিত

**১৯** জুলাই ২০২৫; দিশা প্রধান কার্যালয়ে সংস্থার ১৯৭তম কার্যনির্বাহী পরিষদ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংস্থার কার্যনির্বাহী পরিষদের চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম চৌধুরী। সভায় উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, কোষাধ্যক্ষ জনাব কাজী নজরুল ইসলাম, কার্যনির্বাহী পরিষদের সদস্য জনাব কাজী মাসুদ আবদুল কাদের, মিসেস শিরিন সুলতানা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম এবং মিসেস তানিয়া আক্তার। এছাড়াও দিশা'র প্রকল্প প্রধান ও বিভাগীয় প্রধানগণ সভায় উপস্থিত ছিলেন। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। সভার আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী, জনাব মো. সহিদ উল্লাহ।

সভায় নিম্নোক্ত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

১. বিগত ৩১ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৯৬তম সভার কার্যবিবরণী অনুমোদন।
২. সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩. সংস্থার চলমান প্রকল্প সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ



১৯৭তম কার্যনির্বাহী পরিষদ সভা

৪. বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ ও ঋণ গ্রহণের জন্য আবেদন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৫. ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট ও কর্ম পরিকল্পনা অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৬. সংস্থার নামে ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

এছাড়া অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

*- নিজস্ব প্রতিবেদক*

# দিশা'র জোনাল ম্যানেজারদের সমন্বয় সভা অনুষ্ঠিত

**২২** আগস্ট ২০২৫; জোনাল ম্যানেজারদের সমন্বয় সভা বলাকা কনফারেন্স রুম, দিশা প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি), মিরপুর-১২, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ। সভায় উপস্থিত ছিলেন জনাব ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা (দিশা); জনাব চন্দন কুমার চক্রবর্তী, অতিরিক্ত পরিচালক (ক্ষুদ্রঋণ কার্যক্রম)। এছাড়াও ক্ষুদ্রঋণ কার্যক্রম, আভ্যন্তরীণ নিরীক্ষা, মনিটরিং, প্রশিক্ষণ ও কর্মসূচি উন্নয়ন, প্রশাসন, অর্থ ও হিসাব, আইটি বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সকল রিজিওনাল ম্যানেজার ও জোনাল ম্যানেজারগণ সভায় অংশগ্রহণ করেন।

সভায় নিম্নে উল্লিখিত বিষয়ে আলোচনা এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

- গত ২০২৪-২০২৫ অর্থ বছরের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- জোন ভিত্তিক জুলাই ও আগস্ট ২০২৫ মাসের অগ্রগতি পর্যালোচনা
- নতুন বকেয়া ঋণী বৃদ্ধি শূন্য রাখা, জুলাই-আগস্ট ২০২৫ মাসে যে সকল নতুন বকেয়া ঋণী বৃদ্ধি করা হয়েছে তা মুক্তকরণ।
- সঞ্চয় বৃদ্ধিকরণ, জিএস-২ হিসাব সঞ্চয় বৃদ্ধিকরণে নতুন কৌশল সংক্রান্ত ধারণা।
- শাখা পর্যায়ে উদ্যোক্তা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ।
- বিশেষ কার্যক্রম নিয়মিতভাবে বাস্তবায়ন করা। বিশেষ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুসারে বকেয়া আদায় নিশ্চিত করে প্রত্যেক শাখায় বকেয়া হ্রাসকরণ এবং প্রতি শনিবারে বিশেষ কার্যক্রম পরিচালনার মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুসারে বকেয়া আদায় নিশ্চিতকরণ।



জোনাল ম্যানেজার সমন্বয় সভায় বক্তব্য রাখছেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, পাশে আছেন জনাব ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা, দিশা।

- মাসিক ও উদ্যোক্তা ঋণের কিস্তি নির্ধারণের সময় আদায় নিশ্চিতকরণ।
- সঞ্চয় খেলাপি রোধ এবং নিষ্ক্রিয় সদস্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।
- বিকাশের মাধ্যমে সঞ্চয় ও ঋণ আদায়।
- মোবাইল ট্র্যাকার এর কার্যকর ব্যবহার বিধি।
- আম্রপালি আমের চারার টাকা আদায় ও পরিশোধ।
- মৃত্যুজনিত কারণে নিরাপত্তা তহবিলের টাকা প্রদান সংক্রান্ত।
- প্রশাসনিক বিষয়াদি সংক্রান্ত ।

উপদেষ্টা, জনাব ছালীমা নাজনীন বীথি সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। পরিশেষে সভার সভার সভাপতি জনাব মো. সহিদ উল্লাহ সবাইকে নিজ নিজ দায়িত্ব আরো দায়বদ্ধতা এবং দায়িত্বশীলতার সাথে পালন করার পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, দিশা'র কার্যক্রম ভালো চললে আমরা সকলে ভালো থাকবো এবং দেশের মানুষের উন্নয়নে দিশা আরো বেশী অবদান রাখতে সক্ষম হবে। তিনি সকলকে আবারো ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। সভাটি সঞ্চালনা করেন জনাব চন্দন কুমার চক্রবর্তী, অতিরিক্ত পরিচালক (ক্ষুদ্রঋণ কার্যক্রম)।

*- নিজস্ব প্রতিবেদক*

# দিশা'র শাখা ব্যবস্থাপকদের জন্য ''শাখা ব্যবস্থাপনা ও কর্মসূচি উন্নয়ন প্রশিক্ষণ" কোর্স সম্পন্ন
## Branch Management and Program Development Training

দিশা'র শাখা ব্যবস্থাপকদের ''শাখা ব্যবস্থাপনা ও কর্মসূচি উন্নয়ন প্রশিক্ষণ" কোর্স (১ম ব্যাচ) ১৬-১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বলাকা কনফারেন্স হল, দিশা ট্রেনিং সেন্টার (ডিটিসি), মিরপুর-১২, ঢাকায় সম্পন্ন হয়। সিনিয়র ২৫ জন শাখা ব্যবস্থাপক তিন দিনের উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। ১৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকালে কোর্সটির উদ্বোধন করেন জনাব এ কে এম শামিমুল হক ছিদ্দিকী, পরিচালক, মানবসম্পদ ও প্রশাসন (অবসরপ্রাপ্ত সচিব)। তিনি বলেন, প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রশিক্ষণের মাধ্যমে মানুষের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পায় এবং দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন ঘটে। দিশার ক্ষুদ্রঋণ কর্মসূচিকে আরো ফলপ্রসূ এবং কার্যকর ভাবে বাস্তবায়নের জন্য শাখা ব্যবস্থাপকদের ভূমিকা মুখ্য। সে উদ্দেশ্যে তাদের সক্ষমতা ও দায়বদ্ধতা বাড়ানোর জন্য ব্যবস্থাপনা সকল শাখা ব্যবস্থাপকদের পর্যায়ক্রমে এই প্রশিক্ষণের আওতায় আনার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তিনি সবাইকে আন্তরিকতার সাথে প্রশিক্ষণে অংশগ্রহণ করার পরামর্শ প্রদান করেন এবং তিনদিন ব্যাপী প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

প্রশিক্ষণের তৃতীয় দিনে দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, অংশগ্রহণকারী শাখা ব্যবস্থাপকদের সাথে এক উন্মুক্ত সেশনে মিলিত হন। তিনি প্রশিক্ষণার্থীদের খোলা মনে ঋণ কার্যক্রমের সমস্যা ও উত্তরণের উপায়, শাখার সমস্যা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে মতামত প্রদানের আহ্বান করেন। শাখা ব্যবস্থাপকবৃন্দ বিভিন্ন বিষয়ে তাদের মতামত ও সুপারিশমালা ব্যক্ত করেন। প্রধান নির্বাহী তাদের মতামত ও সুপারিশমালা ধৈর্য্য সহকারে শোনেন। পরিশেষে তিনি বলেন, আপনারা চাইলে দিশাকে আরো সফলতার দিকে নিয়ে যেতে পারেন। কার্যক্রম এবং শাখার যৌক্তিক সমস্যাগুলো ক্রমান্বয়ে সমাধানের উদ্যোগ গ্রহণ করা হবে। তবে সেজন্য সবাইকে সততা, নিষ্ঠা, পরিশ্রম এবং যথাযথ দায়বদ্ধতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করতে হবে।




"শাখা ব্যবস্থাপনা ও কর্মসূচি উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণের উন্মুক্ত সেশনে বক্তব্য রাখছেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ।




"শাখা ব্যবস্থাপনা ও কর্মসূচি উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব এ কে এম শামিমুল হক ছিদ্দিকী, পরিচালক, মানবসম্পদ ও প্রশাসন (অবসরপ্রাপ্ত সচিব), পাশে উপবিষ্ট আছেন জনাব চন্দন কুমার চক্রবর্ত্তী, অতিরিক্ত পরিচালক, ঋণকার্যক্রম (ডান থেকে প্রথম) এবং জনাব গৌতম বিশ্বাস, সিনিয়র কো-অর্ডিনেটর, প্রশিক্ষণ ও কর্মসূচি উন্নয়ন (বাম থেকে প্রথম)।

**প্রশিক্ষণ কোর্সে যে বিষয়গুলো আলোচনা করা হয়েছে-**

- দিশা'র ইতিহাস, ভিশন, মিশন, মূল্যবোধ, কর্ম এলাকা এবং প্রকল্প সমূহ;
- দিশা'র ক্ষুদ্রঋণ কর্মসূচি ও তার ব্যবস্থাপনা;
- শাখা ব্যবস্থাপক এর কাজ ও দায়-দায়িত্ব:
- ব্যবস্থাপনা, ব্যবস্থাপনা চক্র, ব্যবস্থাপনার মূলনীতি, ব্যবস্থাপক কে, ভাল ব্যবস্থাপকের দক্ষতা ও গুণাবলী (Management, Management Cycle, Who is Manager, Quality of a good Manager);
- দায়িত্ব অর্পণ (Deligation) (ধারণা, দায়িত্ব অর্পণের নীতি, দায়িত্ব অর্পণের সুবিধা, অসুবিধা ও চ্যালেঞ্জ, দায়িত্ব অর্পণের ব্যবস্থাপকের করনীয়, দায়িত্ব অর্জনের পর্যায়/ষ্টেজ);
- কর্মক্ষেত্রে কার্যকর যোগাযোগ(Communication and Effective Communication at workplace);
- উন্নয়ন কর্মীর গুণাবলী এবং চ্যালেঞ্জসমূহ (Quality of Development Worker and Challanges);
- কর্মস্থলে মানসিক চাপ, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা (Mental Stress at workplace and it's Control Techniques, Strategies and Management);
- সততা, নৈতিকতা, মূল্যবোধ ও মানবিক গুণাবলী উন্নয়ন (Honesty, Integrity, Ethics, Moral and Valus at Workplace);
- সমস্যা সমাধান ও সিদ্ধান্ত গ্রহণ (ধারণা, সমস্যা চিহ্নিতকরণ, সমাধানের উপায় নির্ধারণ) (Problem Solving and Decision Making);
- নেতৃত্ব, যোগ্য নেতৃত্বের বৈশিষ্ট্য, নেতার ক্ষমতার উৎস/ভিত্তি, নেতা ও ব্যবস্থাপকের পার্থক্য, আদর্শ নেতার গুণাবলী ও চ্যালেঞ্জ (Leadership and Quality of a Good Leader and Challanges);

- দল ও দলীয় কাজ, কার্যকর দলের বৈশিষ্ট্য ও সফলতার জন্য ভালো দলের গুরুত্ব, (Team, SMART Team and Team Building, Traits of a Successful Team and Challanges);
- দ্বন্দ্ব বা বিরোধ (ধারণা, কারণ, ক্ষতিকর দিকসমূহ, দ্বন্দ্ব নিরসনের উপায়/কৌশল) (Conflict, strategies and ways of Conflict Resolution at Workplace);
- উদ্বুদ্ধকরণ (মোটিভেশন) কি, গুরুত্ব, প্রায়োগিক কৌশল, ভালো উদ্বুদ্ধকারীর গুণাবলী/বৈশিষ্ট্য (Motivation, importance, quality of a good motivator at Workplace) ;
- কর্মী ব্যবস্থাপনা নীতিমালা, চাকুরিকালীন বিভিন্ন সুযোগ-সুবিধা ও অন্যান্য প্রয়োজনীয় প্রশাসনিক বিষয়াবলী;

**প্রশিক্ষণ কোর্সের সহায়ক (Facilitator) হিসেবে দায়িত্ব পালন করেছেন-**

- জনাব ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা, দিশা
- জনাব এ কে এম শামিমুল হক ছিদ্দিকী, পরিচালক, মানবসম্পদ ও প্রশাসন (অবসরপ্রাপ্ত সচিব)
- জনাব চন্দন কুমার চক্রবর্ত্তী, অতিরিক্ত পরিচালক (ঋণ কার্যক্রম)
- কমান্ডার এম বশির আহম্মেদ, জি এম এ্যাডমিন, এইচ আর এন্ড কমপ্লায়েন্স, এন আর গ্রুপ, ঢাকা
- জনাব রইসউদ্দিন আহমেদ, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশাসন)
- জনাব গৌতম বিশ্বাস, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশিক্ষণ ও কর্মসূচি উন্নয়ন)
- জনাব মো. মনির হোসেন, কো-অর্ডিনেটর (প্রশাসন)
- খোন্দকার রাকিবুজ্জামান, ম্যানেজার (রিসোর্স মোবিলাইজেশন এন্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টশন)

প্রশিক্ষণ শেষে কোর্স সমাপনী মূল্যায়ন করা হয় এবং শাখা ভিত্তিক কর্মপরিকল্পনা # অক্টোবর-ডিসেম্বর ২০২৫ প্রস্তুত করা হয়। যা প্রশিক্ষণে অংশগ্রহণকারী শাখা ব্যবস্থাপকবৃন্দ বাস্তবায়ন করবেন। প্রশিক্ষণ কোর্সটির কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন জনাব গৌতম বিশ্বাস, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশিক্ষণ ও কর্মসূচি উন্নয়ন) এবং তাকে সহায়তা করেন জনাব মেহেরুন্নেছা সুমনা, প্রোগ্রাম অফিসার (ট্রেনিং)।

*- নিজস্ব প্রতিবেদক*

## আলোঘর প্রকাশনার ষষ্ঠ মার্কেটিং সভা অনুষ্ঠিত

৫ জুলাই ২০২৫; আলোঘর প্রকাশনার ষষ্ঠ মার্কেটিং সভা দিশা প্রধান কার্যালয়, ঢাকা'য় অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ; উপদেষ্টা জনাব ছালীমা নাজনীন বিথী। সভায় আরো উপস্থিত ছিলেন জনাব চন্দন কুমার চক্রবর্তী, অতিরিক্ত পরিচালক (কার্যক্রম); জনাব রুহুল বারী, সিনিয়র কো-অর্ডিনেটর (অর্থ ও হিসাব); জনাব রইসউদ্দিন আহমেদ, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশাসন); জনাব গৌতম বিশ্বাস, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশিক্ষণ ও কর্মসূচি উন্নয়ন); জনাব মো. রাকিবুল হাসান, ব্যবস্থাপক (আলোঘর কার্যক্রম); জনাব উম্মে সালমা, প্রোগ্রাম অফিসার (আলোঘর কার্যক্রম) এবং আলোঘর প্রকাশনার প্রধান কার্যালয় ও জোন পর্যায়ের মার্কেটিং অফিসারবৃন্দ।



আলোঘর প্রকাশনার ষষ্ঠ মার্কেটিং বিষয়ক সভা

সভায় নিম্নোক্ত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থ বছরে বই বিক্রয়ের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে তুলনামূলক পর্যালোচনা।
২. ২০২৪-২০২৫ অর্থ বছরে বই বিক্রয়ের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে আলোচনা।
৩. ২০২৫-২০২৬ অর্থ বছরের বিক্রয় লক্ষ্যমাত্রা নির্ধারণ।
৪. সফলভাবে বই মেলা আয়োজন করার বিষয়ে আলোচনা ও সুপারিশ।
৫. জোনের আওতাধীন জেলা/উপজেলা পর্যায়ে বইমেলা আয়োজনে পরিকল্পনা গ্রহণ।
৬. কর্পোরেট বই বিক্রয় বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ।
৭. নতুন বই প্রকাশের পরিকল্পনা গ্রহণ।

অংশগ্রহণকারী উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চলমান কার্যক্রমের অগ্রগতি ও উন্নয়নের দিকসমূহ পর্যবেক্ষণ করেন এবং ২০২৫-২৬ বছরে আলোঘর প্রকাশনার বই বিক্রয় কার্যক্রম গতিশীল করার জন্য উৎসাহ প্রদান ও দিক নির্দেশনা প্রদান করেন। প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ সকল কর্মকর্তাদের আরো দক্ষতা, সততা ও দায়িত্বশীল মনোভাব নিয়ে কাজ করার পরামর্শ প্রদান করেন।

*প্রতিবেদক : মো. জসিম উদ্দিন, আলোঘর প্রকাশনা।*

## দিশা'র "আলোঘর কার্যক্রম" বাস্তবায়নে দিশা কর্মীদের অবদান

দিশা ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত একটি বেসরকারি উন্নয়নমূলক সংস্থা। যার উদ্দেশ্য দেশের দরিদ্র ও পিছিয়ে পড়া এবং সুবিধাবঞ্চিত মানুষের টেকসই উন্নয়ন করা। দিশা'র মুখ্য কার্যক্রম ক্ষুদ্রঋণ কর্মসূচি। বর্তমানে দেশের ১৯ জেলায় ১০৫টি শাখার আওতায় ক্ষুদ্রঋণ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে এবং মোট সদস্যর ৯৪% নারী। এ ছাড়াও দিশা'র অন্যতম কর্মসূচি হলো আলোঘর কার্যক্রম। যার মাধ্যমে আলোঘর লাইব্রেরি ও জ্ঞানকেন্দ্র পরিচালনা, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বিভিন্ন শিক্ষাবৃত্তি প্রদান, নতুন প্রজন্মকে বই পড়ায় উৎসাহ প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বইমেলা আয়োজন, নার্সারি উন্নয়ন ও গাছের চারা বিতরণ ইত্যাদি।

এ সকল কর্মসূচি বাস্তবায়নে দিশা'র সকল পর্যায়ের কর্মীদের রয়েছে অপরিসীম অবদান। আলোঘর কর্মসূচি বাস্তবায়নে দিশা'র কর্মীরা সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত ৬৯,৫০,৪৭৭/- টাকা প্রদান করেছেন।

দিশা ২০১১ সাল থেকে দিশা'র সদস্য সন্তানদের "দিশা আলোঘর শিক্ষাবৃত্তি" প্রদান করে আসছে। ৬ষ্ঠ তেকে দশম শ্রেণির দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এই শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। যা দিশা'র উদ্বৃত্ত তহবিল এবং বিভিন্ন দানশীল ব্যক্তিদের সহায়তায় পরিচালিত হয়ে আসছে। ২০১১-২০১৯ সাল পর্যন্ত ১৪১৯ জন শিক্ষার্থীকে সর্বমোট ৫১,০৮,৪০০/- টাকার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

এ ছাড়াও উচ্চ মাধ্যমিক শ্রেণিতে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদেরকেও "দিশা আলোঘর শিক্ষাবৃত্তি"র নীতিমালার আওতায় আনা হয়েছে। ২০২২ সাল হতে প্রবর্তিত এই শিক্ষাবৃত্তির আওতায় ১৫জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে ৪,৩২,০০০/- টাকা প্রদান করা হয়েছে।

*প্রতিবেদক: মোঃ রাকিবুল হাসান, ব্যবস্থাপক, আলোঘর কার্যক্রম।*

## সোনালী ব্যাংক পিএলসি এর কর্মকর্তাদের দিশা'র বিভিন্ন শাখা পরিদর্শন

**২** সেপ্টেম্বর ২০২৫; সোনালী ব্যাংক পিএলসি, পল্লবী শাখা, মিরপুর ১২, ঢাকা এর এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার ও শাখা প্রধান, জনাব মোহাম্মদ শওকত হোসেন বিপু, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, জনাব মো. রাকিবুল আলম, সিনিয়র অফিসার, জনাব আদনান সিফাত এবং আবু সাঈদ মো. নোমান, কর্মকর্তাগণ কুমিল্লা জেলার চান্দিনা, গৌরীপুর, দেবিদ্বার এবং কচুয়া শাখা পরিদর্শন করেন। তারা শাখার মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প পরিদর্শন এবং সদস্যদের সাথে মত বিনিময় করেন। পরিদর্শনের সময় দিশা'র পক্ষ হতে উপস্থিত ছিলেন জনাব মোঃ ইকবাল আহসান, অতিরিক্ত পরিচালক (প্রশাসন); জনাব আব্দুল হক, শাখা ব্যবস্থাপক, চান্দিনা শাখা; জনাব সাইফুর রহমান, সহকারী শাখা ব্যবস্থাপক কাম এ্যাকাউনটেন্ট, চান্দিনা শাখা; জনাব দাউদ ফকির, শাখা ব্যবস্থাপক, দেবিদ্বার শাখা এবং দিশা'র প্রধান কার্যালয়ের জনাব মো.আবু মূছা, ব্যবস্থাপক (অর্থ ও হিসাব)।

*- নিজস্ব প্রতিবেদক*



জনাব মোহাম্মদ শওকত হোসেন বিপু, এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার ও শাখা প্রধান (ডান থেকে চতুর্থ), সোনালী ব্যাংক পিএলসি, পল্লবী শাখা, মিরপুর-১২; দিশা'র দেবিদ্বার শাখা পরিদর্শন করেন এবং শাখার ক্ষুদ্রঋণ কার্যক্রমের সদস্যদের সাথে মতবিনিময় করেন। এ সময় দিশা'র পক্ষে উপস্থিত ছিলেন জনাব মোঃ ইকবাল আহসান, অতিরিক্ত পরিচালক, প্রশাসন (ডান থেকে ৩য়) এবং জনাব মো.আবু মূছা, ব্যবস্থাপক, অর্থ ও হিসাব (বাম থেকে ৩য়)।

## ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক (ইউসিবি) পিএলসি'র কর্মকর্তা কর্তৃক দিশা'র বারৈচা শাখা পরিদর্শন

**৭** আগস্ট ২০২৫; নরসিংদী জেলার দিশা বারৈচা শাখা পরিদর্শন করেন জনাব মো. মেহেদী হাসান, সিনিয়র অফিসার, ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি), দারুস সালাম রোড শাখা, মিরপুর ০১, ঢাকা। পরিদর্শনকালে তিনি প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্প পরিদর্শন করেন এবং সদস্যদের সাথে মতবিনিময় করেন। পরিদর্শনকালে দিশা'র পক্ষে উপস্থিত ছিলেন বারৈচা শাখা ব্যবস্থাপক জনাব কাউসার আহমেদ এবং দিশা প্রধান কার্যালয়ের প্রোগ্রাম অফিসার (অর্থ ও হিসাব) জনাব এস. এম. মেহেদী হাসান।

*- নিজস্ব প্রতিবেদক*



জনাব মো. মেহেদী হাসান (সিনিয়র অফিসার - ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক, পিএলসি) দিশা বারৈচা শাখার ক্ষুদ্রঋণ কার্যক্রমের সদস্যদের সাথে মতবিনিময় করেন।

## পিকেএসএফ কর্তৃক অ্যাকাউন্টিং ফর নন-অ্যাকাউন্ট্যান্টস (AFNA) প্রশিক্ষণে দিশা'র কর্মকর্তার অংশগ্রহণ

**২১-২৫** সেপ্টেম্বর ২০২৫; পিকেএসএফ এর উদ্যোগে সহযোগী সংস্থার কর্মকর্তাদের নিয়ে পিকেএসএফ ভবনের সম্মেলন কক্ষে আয়োজিত হয় "Accounting for Non- Accounts (AFNA)" শীর্ষক ০৫ দিন ব্যাপী দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ। এই প্রশিক্ষণে হিসাব বিজ্ঞানের মৌলিক ধারণা, হিসাব ব্যবস্থাপনায় সমতা ও অন্তর্ভুক্তিকরণ, লেনদেন ব্যবস্থাপনা, সঞ্চয় ও অবচয় হিসাব, ক্যাশবুক ভাউচার, জাবেদা, রেওয়ামিল, নগদান হিসাব, আর্থিক বিবরণী প্রস্তুতকরণ, Smart Accounting with AI এবং অন্যান্য বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়। এই ট্রেনিং এ দিশা সহ ২২টি এনজিও এবং ২২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

পাঁচ দিনব্যাপী এই প্রশিক্ষণে দিশা'র পক্ষ থেকে অংশগ্রহণ করেন এস.এম. মেহেদী হাসান, প্রোগ্রাম অফিসার (অর্থ ও হিসাব )।

*- নিজস্ব প্রতিবেদক*



জনাব এস.এম. মেহেদী হাসান, প্রোগ্রাম অফিসার (অর্থ ও হিসাব ), এর হাতে সনদ প্রদান করছেন জনাব মো. জিয়াউদ্দিন ইকবাল, উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রশিক্ষণ), পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

# সমাজে বই পড়ার আন্দোলন ছড়িয়ে দিতে দিশা আলোঘর প্রকাশনা নিবেদন করছে "আলোঘর শিক্ষা সংস্কৃতি অনির্বাণ" অনুষ্ঠান

**আলোঘর** লাইব্রেরি ও তথ্যকেন্দ্র এবং আলোঘর প্রকাশনা দিশা'র অন্যতম একটি সামাজিক কর্মসূচি। যার উদ্দেশ্য সমাজের ভবিষ্যৎ প্রজন্মকে বইপড়ায় উৎসাহিত করা এবং তার সুযোগ করে দেয়ার মাধ্যমে জ্ঞানের আলোয় আলোকিত করা। বিশেষ করে স্কুল ও কলেজগামী শিক্ষার্থীরা এ কর্মসূচির অন্যতম টার্গেট গ্রুপ। এজন্য দিশা বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫, ঢাকা এবং চান্দিনা উপজেলা সদর, কুমিল্লায় দুটি গণপাঠাগার পরিচালনা করছে। সমাজের সকল পর্যায়ের মানুষ, বিশেষ করে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়গামী শিক্ষার্থীরা যাতে বই পড়ায় আরো আগ্রহী হয় সেজন্য দিশা আলোঘর প্রকাশনা নিবেদন করছে "আলোঘর শিক্ষা সংস্কৃতি অনির্বাণ" অনুষ্ঠান। যে অনুষ্ঠানে অংশগ্রহণ করছেন দেশের প্রথিতযশা লেখক, শিল্পী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, অধ্যাপক এবং বিভিন্ন ক্ষেত্রে সফল ব্যক্তিত্ব। উক্ত অনুষ্ঠানে তাঁরা তাদের জীবনের কথা, বেড়ে উঠার কথা, পড়ালেখার কথা, বই পড়ার কথা, বই পড়ার গুরুত্ব ইত্যাদি বিষয়ে মনোগ্রাহী আলোচনা করছেন। প্রতি রবিবার রাত ৮:৩০ মিনিটে জনাব ইকবাল খন্দকার এর সঞ্চালনায় গাজীটিভিতে অনুষ্ঠানটি প্রচারিত হচ্ছে। জুলাই - সেপ্টেম্বর ২০২৫ অনুষ্ঠানে সম্মানিত অতিথি হয়ে এসেছেন -

**পর্ব-১১:** জনাব খায়রুল আলম সবুজ, অভিনেতা ও লেখক।

**পর্ব-১২:** জনাব ফারুক মঈনউদ্দীন, বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত লেখক।

**পর্ব-১৩:** ড. হোসেন জিল্লুর রহমান, পিপিআরসি'র (পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার) নির্বাহী চেয়ারম্যান ও প্রখ্যাত অর্থনীতিবিদ, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা।

**পর্ব-১৪:** ফাহমিদা নবী, জনপ্রিয় সংগীত শিল্পী ও লেখক।

**পর্ব-১৫:** ড. সাহিদ রেজা, লেখক ও শিল্পোদ্যোক্তা;

**পর্ব-১৬:** ডা. এজাজুল ইসলাম, চিকিৎসক ও অভিনেতা;

**পর্ব-১৭:** ড. মাহবুব উল্লাহ, অর্থনীতিবিদ ও রাজনৈতিক বিশ্লেষক;

**পর্ব-১৮:** জনাব লতিফুল ইসলাম শিবলী, গীতিকবি ও নির্বাহী পরিচালক, কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট;

**পর্ব-১৯:** জনাব আবুল হায়াত, অভিনেতা;

**পর্ব-২০:** মিল্টন খন্দকার, গীতিকার ও সুরকার;

**পর্ব-২১:** সৈয়দ আবু নাছের বখতিয়ার আহমেদ, চেয়ারম্যান (অগ্রণী ব্যাংক);




ড. হোসেন জিল্লুর রহমান, পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান ও প্রখ্যাত অর্থনীতিবিদ, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা। (পর্ব: ১৩, তারিখ: ২০ জুলাই ২০২৫)




ড. মাহাবুব উল্লাহ, অর্থনীতিবিদ ও রাজনৈতিক বিশ্লেষক। (পর্ব: ১৭, তারিখ: ১৭ আগস্ট ২০২৫))

**পর্ব-২২:** শুভাশিষ ভৌমিক, অভিনেতা;

**পর্ব-২৩:** রাজেশ ঘোষ, গীতিকার ও সুরকার;

অনুষ্ঠানগুলো দিশা'র ইউটিউব চ্যানেলে লিংক: https://www.youtube.com/@alogharprakashana-it4nq এ দেখার অনুরোধ রইলো।

*প্রতিবেদক: মো. রাকিবুল হাসান, ব্যবস্থাপক, আলোঘর কার্যক্রম, দিশা।*

দিশাবার্তা ত্রৈমাসিক মুখপত্র
DISA since 1993
১১তম বর্ষ, সংখ্যা ৫৪, জুলাই - সেপ্টেম্বর ২০২৫

# বইমেলা সংবাদঃ জুলাই-সেপ্টেম্বর ২০২৫ আলোঘর প্রকাশনা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বইমেলা

৭টি জোন (ঢাকা, ময়মনসিংহ, খুলনা, রাজশাহী, কুমিল্লা, বরিশাল ও রংপুর) ও ২টি (পল্লবী ও চান্দিনা) আলোঘর লাইব্রেরী থেকে ৮৩ টি ভ্রাম্যমাণ বইমেলার আয়োজন করা হয়। উক্ত মেলাগুলোতে প্রায় ৫৪,৭৯০ জন ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল। মেলাতে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির সাথে সাথে আলোঘর প্রকাশনার প্রায় ৮,২০৮টি বই বিক্রি করা হয়। উক্ত মেলায় ছাত্র-ছাত্রী, অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি ছিল উৎসব মুখর।



হলি চাইল্ড ইন্টারন্যাশনাল স্কুল, মিরপুর-২, ঢাকা।



বানী আদর্শ হাই স্কুল, দেবিদ্বার, কুমিল্লা।



গভঃ ল্যাবরেটরী হাইস্কুল, কুয়েট রোড, খুলনা।



জামালপুর জিলা স্কুল, জামালপুর।



নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।



ক্যান্টনমেন্ট বোর্ড বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর।



ক্রিয়েটিভ কিন্ডারগার্ডেন, গোড়া চান দাস রোড, বরিশাল।

*প্রতিবেদক : মো. জসিম উদ্দিন, আলোঘর প্রকাশনা।*

## দিশা'র "আলোঘর" শিক্ষাবৃত্তি প্রাপ্ত উচ্চ মাধ্যমিক ২০২৫ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সফলতা



জাকিয়া সুলতানা, জিপিএ ৫.০০
কাটুনিয়া রাজবাড়ি কলেজ
সাতক্ষীরা।



রবিউল ইসলাম, জিপিএ ৫.০০
ভিতরগঞ্জ ডিগ্রী কলেজ
কুড়িগ্রাম।



দীপ্ত বাবু, জিপিএ ৫.০০
রাজশাহী নিউ ডিগ্রী কলেজ
চাপাইনবাবগঞ্জ।



সেলিনা আক্তার, জিপিএ ৫.০০
সরকারি স্বারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।



মীম আক্তার, জিপিএ ৪.৯২
উল্লাপাড়া বিজ্ঞান কলেজ
সিরাজগঞ্জ।



রিপন আহমেদ, জিপিএ ৪.৮৩
সৈয়দ নজরুল ইসলাম কলেজ
ময়মনসিংহ।



হাফিজুল ইসলাম, জিপিএ ৪.৮৩
সাথীয়া সরকারি কলেজ
পাবনা।



আমেনা খাতুন, জিপিএ ৪.৮০
পাবনা সরকারি কলেজ
পাবনা।



চাঁদনী আক্তার, জিপিএ ৪.৬৭
সরকারি স্বারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।



লাকি ভক্ত, জিপিএ ৪.৫৮
সরকারি শেখ হাসিনা একাডেমি এন্ড
উইমেন্স কলেজ, মাদারীপুর।



রোমানা পারভিন, জিপিএ ৪.৫০
নবাব সিরাজউদ্দৌলা সরকারি
কলেজ, নাটোর।



জান্নাতুল আক্তার, জিপিএ ৪.৫০
বেগম রোকেয়া মহিলা কলেজ
নীলফামারী।



সুমাইয়া আক্তার, জিপিএ ৪.৫০
ভবানীগঞ্জ ডিগ্রী কলেজ
রাজশাহী।



শ্রাবনী রানী মাহাতো, জিপিএ ৪.৪২
রাজশাহী মহিলা কলেজ
রাজশাহী।



তোরমিন আক্তার, জিপিএ ৪.৩৩
এডভান্স কলেজ, সুনামগঞ্জ
সিলেট



আশা মণি, জিপিএ ৪.২৫
ডাঙ্গির হাট স্কুল এন্ড কলেজ
রংপুর।



জাহিদ হাসান, জিপিএ ৪.১৭
শহীদ বুলবুল সরকারি কলেজ
পাবনা।



মেহেদী হাসান সরকার, জিপিএ ৪.১৭
পাগলাপীর স্কুল এন্ড কলেজ
রংপুর।



লামিয়া খাতুন, জিপিএ ৩.৯২
ভুরুলিয়া সিরাজপুর স্কুল এন্ড কলেজ
রংপুর।



রুপক কুমার, জিপিএ ৩.৮৩
পটুয়াখালী সরকারি এন্ড কলেজ
পটুয়াখালী ।



হাসিবুল ইসলাম, জিপিএ ৩.২৫
সরকারি বেগম নূরনাহার তর্কবাগীর
অনার্স কলেজ, সিরাজগঞ্জ।



ইভা আক্তার, জিপিএ ৩.২৫
বরিশাল মডেল কলেজ
বরিশাল।

A (+) ৪ জন, A ১৫ জন, A (-) ২ জন
B ২ জন; সর্বমোট ২৩ জন

**বিশেষ দ্রঃ** প্রথমআলো অদম্য মেধাবী ২০২৪ প্রতিবেদন থেকে সংগৃহীত বিবরণ অনুযায়ী এ সকল মেধাবী শিক্ষার্থী নির্বাচন করা হয়।

# এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদান

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)'র পরামর্শ মোতাবেক দিশা'র আর্থিক অসচ্ছল সদস্য সন্তানদের স্নাতক, স্নাতকোত্তর, ডক্টরাল ও পোস্ট ডক্টরাল পর্যায়ে গবেষণা/অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদানকরা হচ্ছে। এরই ধারাবাহিকতায় দেশের সরকারি বিশ্ববিদ্যালয়/ মেডিকেল/প্রকৌশল/কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সর্বমোট ৩৫ জন মেধাবী শিক্ষার্থীদের মাসিক ভিত্তিতে এ পর্যন্ত ৪০,৮৭,০০০/- টাকা এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। বর্তমানে ২৫ জন শিক্ষার্থীকে মাসিক ভিত্তিতে মোট ১,১২,০০০/- টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে।

| ক্রঃ নং | শিক্ষার্থীর নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বিষয় | বর্ষ/সেমিষ্টার |
|---|---|---|---|---|
| ১ | কাজী লামিয়া সুলতানা | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ২ | আব্দুল্লাহ | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ৩ | মো. ইকতার আলী | শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ৪ | আজহারুল ইসলাম | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) | অনার্স ৩য় বর্ষ |
| ৫ | মো. আরমান বেপারী | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | এল.এল.বি | অনার্স ৩য় বর্ষ |
| ৬ | শাহিন মিয়া | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | Materials and Metallurgical Engineering | অনার্স ৩য় বর্ষ |
| ৭ | আল আমিন খান | কাজী নজরুল ইসলাম বিশবিদ্যালয় | নৃ-বিজ্ঞান | শেষ বর্ষ |
| ৮ | শ্যামা রায় বর্ষা | রাজশাহী বিশ্ববিদ্যালয় | ফিন্যান্স | অনার্স ৪র্থ বর্ষ |
| ৯ | রিভা আক্তার | বেগম রোকেয়া বিশবিদ্যালয় (রংপুর) | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (বিবিএ) | অনার্স ৪র্থ বর্ষ |
| ১০ | মোহাম্মদ ইস্রাফীল | রাজশাহী বিশ্ববিদ্যালয় | আরবী | অনার্স ৩য় বর্ষ |
| ১১ | আনিছুর রহমান | স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ | Bachelor of Dental Surgery (BDS) | বিডিএস শেষ বর্ষ |
| ১২ | মো. শিমুল ভূইয়া | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | কেমিক্যাল এ্যান্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং | অনার্স ৩য় বর্ষ |
| ১৩ | সাজিদুল ইসলাম | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | সিভিল ইঞ্জিনিয়ারিং | অনার্স ৩য় বর্ষ |
| ১৪ | জান্নাতুল মাওয়া মীম | পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | Animal Science & Veterinary Medicine (ASVM) | এএসভিএম ৫ম বর্ষ |
| ১৫ | মো. রাসেল মোড়ল | খুলনা বিশ্ববিদ্যালয় | এগ্রোটেকনোলজি | অনার্স ২য় বর্ষ |
| ১৬ | মিল্লাতুন নাহার মিতু | হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ইংরেজী | অনার্স ২য় বর্ষ |
| ১৭ | মো. আব্দুর রহমান | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ১৮ | রিয়া কুন্ডু | গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | বাংলা | অনার্স ২য় বর্ষ |
| ১৯ | নাহিদা সুলতানা | নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ফার্মেসী | অনার্স ৩য় বর্ষ |
| ২০ | উম্মে হানি শ্রাবনী | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ইংরেজী | অনার্স ৩য় বর্ষ |
| ২১ | নাজমা আকতার | ঢাকা বিশ্ববিদ্যালয় | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | অনার্স ৪র্থ বর্ষ |
| ২২ | মো. রাকিবুল হাসান ফয়েজ | ঢাকা বিশ্ববিদ্যালয় | ইতিহাস | অনার্স ২য় বর্ষ |
| ২৩ | প্রতিক বিশ্বাস | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) | অনার্স ১ম বর্ষ |
| ২৪ | সাবিহা বিনতে বৃষ্টি | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ২য় বর্ষ |
| ২৫ | সানজিদা সুলতানা প্রিমা | মিরপুর সরকারি বাংলা কলেজ | উদ্ভিদ বিজ্ঞান | অনার্স ১ম বর্ষ |

*- নিজস্ব প্রতিবেদক*

## ডিআইএসটি'র Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project এর আওতায় রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (আরএসি) এবং মোটরসাইকেল সার্ভিসিং ট্রেডের আরপিএল অ্যাসেসমেন্ট সম্পন্ন

০৯ আগস্ট ২০২৫; Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project এর আওতায় রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (আরএসি)'র ২০ জন এবং মোটরসাইকেল সার্ভিসিং ট্রেডের ২০ জনসহ মোট ৪০ জন প্রশিক্ষণার্থীর আরপিএল অ্যাসেসমেন্ট ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট অথরিটি (এনএসডিএ) এর অধীনে অনুষ্ঠিত হয়। আরপিএল অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিদর্শনের জন্য উপস্থিত ছিলেন এনএসডিএ থেকে আগত জনাব মো. রাজিবুল আলম, উপ-পরিচালক (এডমিন), সিনিয়র সহকারি সচিব।

রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (আরএসি) ট্রেড্রের আরপিএল অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করেন অ্যাসেসর জনাব মেঘনা রানী মোহান্ত এবং জনাব মো. রুবেল মিয়া। মোটরসাইকেল সার্ভিসিং ট্রেডের আরপিএল অ্যাসেসমেন্ট পরিচালনা করেন অ্যাসেসর জনাব মো. ইকবাল হোসেন এবং জনাব শিকদার আরেফিন খলিল।



## ডিআইএসটি'র Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project এর আওতায় মোটরসাইকেল সার্ভিসিং ট্রেডের আরপিএল অ্যাসেসমেন্ট সম্পন্ন

১৩ সেপ্টেম্বর ২০২৫; Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project এর আওতায় মোটরসাইকেল ট্রেডের মোট ২০ জন প্রশিক্ষণার্থীর আরপিএল অ্যাসেসমেন্ট ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট অথরিটি (এনএসডিএ) এর অধীনে অনুষ্ঠিত হয়।

১২ সেপ্টেম্বর ২০২৫; ওরিয়েন্টেশন ক্লাশ পরিদর্শন করেন জনাব তাছলিমা আক্তার, উপসচিব (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৪), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৩ সেপ্টেম্বর ২০২৫; আরপিএল অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিদর্শন করেন এনএসডিএ থেকে জনাব এ. কে. এম. ফয়সাল, ডেপুটি ডিরেক্টর (স্কিলস্ কোঅর্ডিনেশন) ।

মোটরসাইকেল সার্ভিসিং ট্রেডের আরপিএল অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করেন অ্যাসেসর জনাব এ.টি.এম. জুলফিকার হায়দার এবং জনাব আসিফ মাহমুদ।




*প্রতিবেদক : মো. আব্দুল কাইয়ুম, ডিআইএসটি।*

# চিকিৎসা সহায়তা কর্মসূচি

দিশা ২০১২ সাল হতে নিরাপত্তা ও কল্যাণ তহবিল থেকে জটিল, দুরারোগ্য রোগে আক্রান্ত এবং মারাত্মক দূর্ঘটনায় আহত সংস্থার ঋণ কার্যক্রম অন্তর্ভুক্ত সদস্য অথবা তাদের স্বামী/স্ত্রীদের চিকিৎসা সহায়তা প্রদান করে আসছে। জুলাই-সেপ্টেম্বর মাসে ১৭ জনকে ৮৪,০০০/- টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে।

ভূলতা শাখার সদস্য মোসা. রাহিমা, সদস্য নং ১১৫, ভায়েলা কর্মজীবী মহিলা সমিতি ০৮৬। সদস্য রাহিমার স্বামী সড়ক দুর্ঘটনায় ডান পায়ে মারাত্মকভাবে আহত হন। স্থানীয় ডাক্তারের শরণাপন্ন হলে রাহিমার স্বামীকে দ্রুত অপারেশনের পরামর্শ দেন। রাহিমার স্বামী তাদের পরিপারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তাই সদস্য রাহিমার পক্ষে তার স্বামীর চিকিৎসা ব্যয় বহন কষ্টসাধ্য ছিল। এমতাবস্থায় সদস্য রাহিমা বেগম ভূলতা শাখা ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করেন। শাখা ব্যবস্থাপক জনাব অনুকূল পাল তাকে চিকিৎসা সহায়তার জন্য আবেদন করার পরামর্শ দেন। তার আবেদনের প্রেক্ষিতে শাখা ব্যবস্থাপকসহ সবার সুপারিশে মোসা. রাহিমার স্বামীর চিকিৎসার জন্য এককালীন ৪,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়।

*প্রতিবেদক : রিফাত আহমেদ*
*প্রোগ্রাম অফিসার, ব্র্যান্ডিং এন্ড কমিউনিশেন।*



সদস্য মোসা. রাহিমার স্বামীর হাতে চিকিৎসা সহায়তা তুলে দেন, জনাব মো. মনির হোসেন, সমন্বয়কারী (প্রশাসন); জনাব মিজানুর রহমান, রিজিওনাল ম্যানেজার এবং জনাব আবুল কালাম আজাদ, জোনাল ম্যানেজার ।

# দিশা'র কর্মী প্রয়াত সালমা আকতারের সকল পাওনাদির চেক হস্তান্তর



সালমা আকতার, শিক্ষানবীশ ক্রেডিট অফিসার (০১), আইডি নং ৫৭৮০, কিশোরগঞ্জ, দিশা কুলিয়ারচর শাখায় কর্মরত একজন সদালাপী স্বজন ও দায়িত্বের প্রতি নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। গত ১৪ এপ্রিল ২০২৫ সড়ক দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যুবরণ করেন।

তিনি অত্র সংস্থায় গত ২০.১২.২০২৪ তারিখ যোগদান করে ১৪.০৪.২০২৫ পর্যন্ত শিক্ষানবীশ ক্রেডিট অফিসার হিসেবে নিয়োজিত ছিলেন।

গত ২১.০৯.২০২৫ তারিখ দিশা প্রধান কার্যালয় থেকে তার বেতন সহ সংস্থার পক্ষ থেকে সকল পাওনাদি পরিশোধ বাবদ সর্বমোট: ১,১৯,৫৬৬/- টাকার চেক তুলে দেয়া হয়। সংস্থার পক্ষ থেকে তার পরিবারের হাতে চেক তুলে দেন জনাব এ কে এম শামিমুল হক ছিদ্দিকী, পরিচালক, মানবসম্পদ ও প্রশাসন (অবসরপ্রাপ্ত সচিব); জনাব চন্দন কুমার চক্রবর্ত্তী, অতিরিক্ত পরিচালক (ক্ষুদ্রঋণ কার্যক্রম); জনাব রইসউদ্দিন আহমেদ, ঊর্ধ্বতন সমন্বয়কারী (প্রশাসন) এবং জনাব মোহাম্মদ আলী, সিনিয়র আইন কর্মকর্তা (প্রশাসন)।

সংস্থার উন্নতি ও নানা প্রতিকূলতার মধ্য দিয়ে তিনি তাঁর কর্মজীবনের ৫ মাস কাটিয়েছেন। দিশা'র অগ্রগতিতে তাঁর ভূমিকা প্রশংসার দাবিদার রাখে। তাঁর এই অকাল মৃত্যুতে দিশা পরিবার গভীর ভাবে শোকাহত।

*- নিজস্ব প্রতিবেদক*

# দিশা'র কর্মী মো. শামছুজ্জামান খান এর অকাল প্রয়াণে আমরা শোকাহত



যার কথা লিখছি তিনি মো. শামছুজ্জামান খান। তিনি নোয়াখালী'র, বেগমগঞ্জ শাখার, শাখা ব্যবস্থাপক, (আইডি নং - ১৭৬৮) ছিলেন। গত ৯ সেপ্টেম্বর ২০২৫ সড়ক দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যুবরণ করেন। মো. শামছুজ্জামান খান দীর্ঘ প্রায় ৯ বছর সংস্থার সাথে যুক্ত ছিলেন। তাঁর এই দীর্ঘ কর্মময় জীবনে তিনি কঠোর পরিশ্রম, সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। দিশার অগ্রগতিতে তাঁর ভূমিকা প্রশংসার দাবি রাখে। তাঁর এই অকাল মৃত্যুতে দিশা পরিবার গভীর ভাবে শোকাহত। সংস্থার পক্ষ থেকে তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি এবং আমরা তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি।

# দিশা প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি) সংবাদ

**দিশা** প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি) দিশা'র একটি সহযোগী সংগঠন। ডিটিসি মানব সম্পদ উন্নয়নে বিভিন্ন ধরনের এবং প্রয়োজনীয় সামর্থ্য ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে চলেছে। বর্তমানে প্রশিক্ষণ কেন্দ্রে ০২টি হল/মিটিং/কনফারেন্স রুম এবং ১৩ টি শীততাপনিয়ন্ত্রীত কক্ষে ৩১ জনের আবাসন সুবিধা রয়েছে। অত্র প্রশিক্ষণ কেন্দ্রে সংস্থার বিভিন্ন স্তরের কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, সভা আয়োজন করা হচ্ছে। দেশের অন্যান্য প্রতিষ্ঠান সমূহ দিশা ট্রেনিং সেন্টারে বিভিন্ন প্রশিক্ষন, সভা, সেমিনার, কর্মশালা পরিচালনা করছে।

জুলাই-সেপ্টেম্বর ২০২৫ প্রান্তিকে ১২ টি সংগঠন/সংস্থার ২১ টি বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা, সভা অনুষ্ঠিত হয়েছে। যাতে সর্বমোট ৫৭৮ জন অংশগ্রহণকারী ছিলেন, যার মধ্যে ৩৬৭ জন পুরুষ এবং ২১১ জন নারী।



"শাখা ব্যবস্থাপনা ও কর্মসূচি উন্নয়ন" প্রশিক্ষণের সমাপনী দিনে দিশার প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ; কমান্ডার এম বশির আহম্মেদ (জি এম এ্যাডমিন, এইচ আর এন্ড কমপ্লায়েন্স, এন আর গ্রুপ); জনাব গৌতম বিশ্বাস, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশিক্ষণ ও কর্মসূচি উন্নয়ন); জনাব মো. জহির রায়হান (ব্যবস্থাপক, প্রধান নির্বাহীর দপ্তর) এর সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ।



"শাখা ব্যবস্থাপনা ও কর্মসূচি উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছেন কমান্ডার এম বশির আহম্মেদ (জি এম এ্যাডমিন, এইচ আর এন্ড কমপ্লায়েন্স, এন আর গ্রুপ)।

*সংগঠন ভিত্তিক বিবরণঃ*

| ক্রম # | সংস্থা/সংগঠন | কর্মসূচী সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | | কর্মসূচী শিরোনাম |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | নারী | মোট | |
| ০১ | Development Initiative for Social Advancement (DISA) | ১ টি | ২৯ | ১ | ৩০ | Zonal Manager's special coordination meeting |
| ০২ | Development Initiative for Social Advancement (DISA) | ১ টি | ২৩ | ২ | ২৫ | Branch Management and Program Development training for branch manager |
| ০৩ | DISA Aloghar | ১ টি | ৪৫ | ১৫ | ৬০ | Scholarship Program |
| ০৪ | Ex-Students Forum (JU) Department of Economics | ১ টি | ৪১ | ১২ | ৫৩ | Reunion of Ex. Students |
| ০৫ | Naripokkho | ১ টি | ৩০ | ১৫ | ৪৫ | Project Closing Meeting |
| ০৬ | Red Crescent Ex-Officers Forum (RCXOF) | ১ টি | ১০ | - | ১০ | EC Meeting |
| ০৭ | SERAC Bangladesh | ৫ টি | ৩৮ | ৩৭ | ৭৫ | Volunteer Orientation on Improving SRHR |
| ০৮ | Dustha Shastha Kendro (DSK) | ১ টি | ২৫ | ৩৩ | ৫৮ | Training to hygiene Volunteer on hygiene Promotion |
| ০৯ | Breaking The Silence (BTS) | ১ টি | ১৪ | ৩ | ১৭ | Training to STEM Facilitators |
| ১০ | Breaking The Silence (BTS) | ১ টি | ১২ | ২ | ১৪ | Workshop on curriculum Review and action plan development for remedial Support |
| ১১ | RAK Group | ১ টি | ৪৫ | ৫ | ৫০ | Sales Meeting |
| ১২ | Save The Children | ১ টি | ৯ | ৫ | ১৪ | Project Orientation for Oporajita Phase-2 |
| ১৩ | Save The Children | ১ টি | ১০ | ১০ | ২০ | MEAL Workshop for Oporajita Phase-2 |
| ১৪ | Village Education Rescores Center (VERC) | ১ টি | ১০ | ৫ | ১৫ | Day long Training Program Under Oporajita Phase-2 |
| ১৫ | Village Education Rescores Center (VERC) | ১ টি | ১২ | ১৮ | ৩০ | Basic Training on Daycare Operation and Management |
| ১৬ | Helios Consultancy | ১ টি | ৭ | ২৮ | ৩৫ | Baseline Study for SHIKHA Project Strengthening Prevention and Response to Gender Based Violence (GBV)at The Public and Workplace in Bangladesh |
| ১৭ | IPAS Bangladesh | ১ টি | ৭ | ২০ | ২৭ | Social Media Content Development Workshop with Youth Volunteer |
| | সর্বমোট: | ২১ টি | ৩৬৭ | ২১১ | ৫৭৮ | |

জুলাই-সেপ্টেম্বর ২০২৫ প্রান্তিকে দিশার ০৪ জন কর্মকর্তা অন্যান্য সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

| নাম | পদবী | কোর্সের শিরোনাম | সময়কাল | আয়োজক সংস্থা |
|---|---|---|---|---|
| মো. দেলোয়ার জাহান | জোনাল ম্যানেজার (মাইক্রোফাইন্যান্স) | Risk Management | ১৩-১৭ জুলাই ২০২৫ | PKSF |
| মো. এখলাস সাখিদার | এরিয়া ম্যানেজার (মাইক্রোফাইন্যান্স) | Highly Effective Credit Professionals | ১৩-১৭ জুলাই ২০২৫ | CDF |
| মো. আব্দুর রাজ্জাক | মার্কেটিং ম্যানেজার (এমডিএফএল) | Marketing and Salesmanship | ২৭-৩১ জুলাই ২০২৫ | BIM |
| এস. এম. মেহেদী হাসান | প্রোগ্রাম অফিসার (ফাইন্যান্স এন্ড একাউন্স) | “Accounting for Non-Accountants (AFNA)” | ২১-২৫ সেপ্টেম্বর ২০২৫ | PKSF |

## ক্যারিয়ার: অফিসে হয়ে উঠুন গুরুত্বপূর্ণ ~



অফিসে কাজের সঠিক মূল্যায়ন না হলে, নিজেকে গুরুত্বপূর্ণ একজন করে তুলতে না পারলে সেটি আসলেই কষ্টদায়ক। আমরা সবাই যার যার অফিসে নিজেকে একটি ভালো অবস্থানে দেখতে চাই । নিজের সম্পর্কে সবার মনে ভালো ধারণা তৈরি করতে অন্যদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া চাই। যদিও আমাদের মধ্যে বেশির ভাগই জানেন সেজন্য কী প্রয়োজন। নিজেকে গুরুত্বপূর্ণ একজন করে তোলার জন্য আপনাকেই প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। আপনার কিছু কাজ পারে এটা সত্যি করতে। এখনই সময় অফিসের সবার ধারণা পরিবর্তন করার। চলুন জেনে নেওয়া যাক আপনার করণীয়-

**আত্মবিশ্বাস ধরে রাখুন :** কর্মক্ষেত্রে আত্মবিশ্বাস নিয়ে কাজ করুন। এটি সন্তুষ্টি বজায় রাখার অন্যতম চাবি। যখন মানুষ বুঝতে পারবে যে আপনি আত্মবিশ্বাস নিয়ে কাজ করেন এবং কথা বলেন, তখন আপনাকে গুরুত্ব দেবে এবং আপনার কাজে মনোযোগও দেবে। যারা নিজেকে সন্দেহপ্রবণ করে তুলেন, তারা গুরুত্ব এবং সম্মান পান না।

**কাজ গ্রহণ করুন :** মাল্টি-টাস্কিং একটি দুর্দান্ত দক্ষতা। এভাবে কাজ করাটা বসের মন জয় করার একটি ভালো উপায় হতে পারে, কিন্তু ক্রমাগত অতিরিক্ত কাজ করা একটি বড় ত্রুটি হতে পারে, বিশেষ করে যদি আপনি দেখতে পান যে আপনার কাজের গুণমান এবং সামগ্রিক কর্মক্ষমতা ক্ষতিগ্রস্ত হচ্ছে। আপনি যদি একই সময়ে অনেকগুলো প্রকল্প নিয়ে কাজ করেন তবে কোনগুলোকে অগ্রাধিকার দেবেন এবং কোন বিষয়ে ফোকাস করবেন তা নির্ধারণ করা কঠিন হতে পারে । তাই নিজের সময় এবং সামর্থ্য বুঝে কাজ নিন। দায়িত্বশীল হোন কর্মক্ষেত্রে দায়িত্বশীল হওয়া অত্যাবশ্যক, কারণ এটি আপনার মনোবল বাড়িয়ে দেয় এবং সাফল্য নিশ্চিত করে। আপনি যদি কর্মক্ষেত্রে সবার গুরুত্ব পেতে চান তবে নিজের কাজগুলো মন দিয়ে করতে হবে। যদি আপনার সময়ের কাজ সময়ে করেন, তাহলে তা আপনাকে কাজের প্রতি দায়িত্বশীল একজন হিসেবে প্রমাণ করবে। একজন সৎ কর্মী হিসেবে আপনার উচিত সবাইকে সম্মান করা।

**সবার সঙ্গে সুসম্পর্ক রাখুন :** কাজের বিষয়ে অভিযোগ করা এবং কর্মক্ষেত্রে নেতিবাচকতা নিয়ে আসা আরেকটি বড় ভুল। এটি ক্ষতিকর পরিবেশ তৈরি করে এবং এটি অত্যন্ত অ-পেশাদার। এমনকি আপনি যদি আপনার কাজ বা বসকে অপছন্দ করেন, তবে প্রকাশ্যে অভিযোগ না করাই ভালো। কর্মক্ষেত্র, অনানুষ্ঠানিক কাজের ইভেন্ট কিংবা অনলাইন প্ল্যাটফর্মে এ ধরনের কথা প্রকাশ করবেন না। অফিসে সবার সঙ্গে সুসম্পর্ক রাখুন, যাতে করে আপনি নিজেকে ভালো সহকর্মী হিসেবে উপস্থাপন করতে পারেন। কর্মক্ষেত্রে সহকর্মীদের সঙ্গে সুসম্পর্ক রাখার ফলে আপনি আপনার জায়গা করে নিতে পারবেন। তাদের কাছ থেকে ভালো পরামর্শ বা সাহায্য পাওয়াও সহজ হবে।

**আবেগপ্রবণ হবেন না :** শ্রেষ্ঠ কর্মীরা কখনোই তাদের আবেগকে কাজের পথে বাধা হতে দেন না। আপনি যদি আবেগপ্রবণ হন তাহলে লক্ষ্য হারিয়ে ফেলবেন এবং এতে করে অযৌক্তিক সিদ্ধান্ত নিয়ে নিতে পারেন। সহকর্মীদের সঙ্গে কথা বলার সময় কিংবা কোনো সিদ্ধান্ত নেয়ার সময় মাথা ঠান্ডা রাখুন। আপনি যদি সবসময় মাথা ঠান্ডা রাখেন তবে আপনার সহকর্মীরা শ্রদ্ধার সঙ্গে আপনার কথা শুনবেন এবং তাদের মতামত দিতেও স্বাচ্ছন্দ্য বোধ করবেন।

**গসিপে যুক্ত না হওয়াই ভালো :** অফিসে আরেকটি ভুল হলো অফিস গসিপে জড়িয়ে পড়া। আপনার সহকর্মীদের সম্পর্কে খারাপ কথা বলা এড়িয়ে চলুন। কারণ এই অভ্যাসের কারণে আপনি পরবর্তী সময়ে গুরুতর সমস্যায় পড়তে পারেন। মানুষের গোপনীয়তাকে সম্মান করুন। গসিপিং আপনাকে অবিশ্বস্ত করে তুলবে। যা কর্মক্ষেত্রে আপনার অগ্রগতিকে বাধাগ্রস্থ করতে পারে, বিশেষ করে যদি আপনি নেতৃত্বের অবস্থানে থাকেন বা ভবিষ্যতে একজন হতে চান। সেই সঙ্গে গসিপ কাজের পরিবেশ নেতিবাচক করে তোলে।

**সুযোগ গ্রহণ করুন :** আপনি যদি কর্মজীবনে এগিয়ে যেতে চান, তাহলে যেকোনো সুযোগ আসা আপনার জন্য গুরুত্বপূর্ণ। যদি আকর্ষণীয় কোনো অফার পান - তবে সেই সুযোগ গ্রহণ করা উচিত। অনেকে কেবল চাকরি নিয়েই স্বাচ্ছন্দ্য বোধ করেন এবং আর কোনো বিকল্প রাখেন না। আপনি যদি কেবল চাকরি করতেই ভালোবাসেন তবুও নিজের জন্য বিকল্প কোনো ব্যবস্থা রাখা ভালো। কোনো সুযোগ পাওয়ার পর যদি উপেক্ষা করেন বা দ্বিধাগ্রস্থ থাকেন, তবে সেই সুযোগ হারিয়ে যেতে পারে।

*- সংগ্রহ: গৌতম বিশ্বাস*

## আলোঘর কার্যক্রম

**১) আলোঘর লাইব্রেরি:** আলোঘর লাইব্রেরি হলো দিশা'র সর্বাধিক জনপ্রিয় সামাজিক সেবা কার্যক্রম। আলোঘর লাইব্রেরির মাধ্যমে সমাজের বঞ্চিত শিশুসহ সকল ছাত্র-ছাত্রী ও জনসাধারণ বই পড়ার সুযোগ পায়। বর্তমানে আলোঘর পল্লবী ও আলোঘর চান্দিনার কার্যক্রম খোলা রয়েছে।

**২) কৃষি ও পরিবেশ উন্নয়ন প্রকল্প (আলোঘর নার্সারি) ঃ** আলোঘর নার্সারির কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫ সালে নতুন করে ২০,০০০ হাজার অকলম চারা উৎপাদন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ।

**৩) দিশা আলোঘর শিক্ষাবৃত্তি :** দাতাদের নিকট হতে শিক্ষাবৃত্তি সংগ্রহের প্রচেষ্টা জোরদার করা হয়েছে। ইতোমধ্যে ৪ জন শিক্ষার্থীকে যথাক্রমে ২০০০/- ও ৩০০০/- টাকা করে মাসিক ১১০০০/- টাকা (১ জনকে ২০০০ হাজার, ৩ জনকে ৯,০০০ হাজার টাকা) শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে।

**৪) এমআরএ এমএফআই উচ্চশিক্ষাবৃত্তি :** সর্বমোট ৩৫ জন মেধাবী শিক্ষার্থীদের মাসিক ভিত্তিতে সেপ্টেম্বর পর্যন্ত সর্বমোট ৩৫ জন মেধাবী শিক্ষার্থীদের মাসিক ভিত্তিতে এ পর্যন্ত ৪০,৮৭,০০০/ টাকা এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। বর্তমানে ২৬ জন শিক্ষার্থীকে মাসিক ভিত্তিতে মোট ১,১২,০০০/- টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে।

**৫) আলোঘর প্রকাশনা কার্যক্রম:** আলোঘর প্রকাশনা “প্রতিদিন বইমেলা প্রতিজনে একটি বই” এই শ্লোগানে ২০১৭ সাল থেকে স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে ভ্রাম্যমাণ বইমেলার আয়োজন করে আসছে। বিভিন্ন জেলার শিক্ষা প্রতিষ্ঠানে বই মেলা কার্যক্রম করা হচ্ছে। জোন-১ ঢাকা, জোন-২ ময়মনসিংহ, জোন-৩ খুলনা, জোন-৪ কুমিল্লা, জোন-৫ রাজশাহী, জোন-৬ রংপুর ও জোন-৭ বরিশাল।



আলোঘর লাইব্রেরী, বর্ধিত পল্লবী, মিরপুর-১১½,ঢাকা।



আলোঘর নার্সারী




### আলোঘর প্রকাশনার জোন ভিত্তিক অফিসসমূহের ঠিকানা

এ সব অফিসগুলো একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিচালনা করেন এবং শিক্ষাপ্রতিষ্ঠান ভিত্তিক বইমেলা আয়োজন করেন।

| | | | |
|---|---|---|---|
| ই/৭, বর্ধিত পল্লবী, মিরপুর-১১½, ঢাকা-১২১৬<br>মোবাইল: ০১৭৬১-৪৯২৫৬৪ | ১৯১, দাশপুকুর, রাজপাড়া<br>রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।<br>মোবাইল: ০১৭০১-২৬১১০৬ | ৭৬/৮, বাঘমারা<br>ব্রাহ্মণপল্লী রোড, ময়মনসিংহ।<br>মোবাইল: ০১৭০১-২৬১০৯০ | হাউজ ৬০, রোড-৩,<br>নিউ আদর্শপাড়া, রংপুর।<br>মোবাইল: ০১৭০১-২৬১১০০ |
| ৪৬০, জাহানারা কুটির, ধর্মপুর,<br>পশ্চিম চৌমুহনী, আদর্শ সদর, কুমিল্লা<br>মোবাইল: ০১৭০১-২৬১১০৪ | কনকর্ড টাওয়ার,<br>কাঁটাবন বেসমেন্ট, ঢাকা।<br>মোবাইল: ০১৭০৯-৩৮৯০৭৪ | | |
| খান মঞ্জিল, হাউজ-১১৮৫<br>জিয়া সড়ক, নথুল্লাবাদ, বরিশাল।<br>মোবাইল: ০১৭০১-২৬১১০১ | ২২/১ গগণবাবু রোড,<br>নতুন বাজার, খুলনা।<br>মোবাইল: ০১৭০১-২৬১১০৫ | | |

**আলোঘরের বই কিনতে অনলাইনে ভিজিট করুন**
**www.rokomari.com/aloghar**

aloprokashana@aloghar.org

DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

DISA since 1993 | **DISA** পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

# মাতৃভূমি® মিষ্টি

## বিশুদ্ধতায় ও বিশ্বস্ততায়




| SHOWROOM CONTACT | | |
|---|---|---|
| চান্দিনা, কুমিল্লা<br>০১৭৬১-৪৯২৫৫৪ | চান্দিনা-২, কুমিল্লা<br>০১৭০৮৪৪৯৮৫৯ | রেইসকোর্স, কুমিল্লা<br>০১৭৬১-৪৯২৫৬২ |
| ইপিজেড রোড, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৮০১ | দাউদকান্দি, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৮০৪ | বনশ্রী, ঢাকা<br>০১৭০৮-৪৪৯৮০০ |
| বরুড়া, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৮০২ | পল্লবী, মিরপুর ১১.৫, ঢাকা<br>০১৭৬১-৪৯২৫৬৩ | কচুয়া, চাঁদপুর<br>০১৭০৮-৪৪৯৮৭৩ |
| লাকসাম, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৮৭২ | f :MatribhumiDairy \| www :www.mdflbd.com | |

অতিথি আপ্যায়ন, বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন, পারিবারিক, সামাজিক ও কর্পোরেট অনুষ্ঠানে মিষ্টি, দুধ ও বেকারি পণ্য আকর্ষণীয় প্যাকেটে সরবরাহ করা হয়।

যোগাযোগ করুন ০১৭০৮ ৪৪৯৯৪৮ ০১৭৬১ ৪৯২৫৫১



# দিশা ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি)

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নিবন্ধিত, কোড-৫০৮২৭

মাদবর টাওয়ার, প্লট-১১, এভিনিউ - ২, ব্লক - সি, মিরপুর - ১২, ঢাকা - ১২১৬।
■ ভর্তিসংক্রান্ত যোগাযোগ : ০১৭০৮-৪৪৯৯৫০
অধ্যক্ষ : ০১৭০৮-৪৪৯৮৬৭, উপাধ্যক্ষ : ০১৭০৯-৩৮৯০৯৫
ই-মেইল : dist@disabd.org

DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ


ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স


রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং


মেকানিক্যাল ফিটিং


কম্পিউটার অপারেটিং


কনজুমার ইলেকট্রনিক্স


প্লাম্বিং


মোটরসাইকেল সার্ভিসিং


সুইং মেশিন অপারেশন

মাতৃভূমি ফ্যাশন












**মিরপুর-১২**
নুর ইসলাম মোল্লা এভিনিউ-৫, সুজাত নগর,
পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
(রাইজ ও মিনিসোর বিল্ডিং, নিচ তলা)
+৮৮০ ১৭০৮ ৪৪৯৮৫৭

**ফ্যাক্টরী আউটলেট**
মাদবর টাওয়ার, প্লট-১১, রোড: এভিনিউ-২, সিরামিক রোড,
ব্লক-সি, মিরপুর-১২, ঢাকা-১২১৬, বাংলাদেশ
+৮৮০ ১৭০৯৩৮৯৩৮৩

DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ
Matribhumifashionbd : matribhumifashion.com
Hotline : ০১৭৬১৪৯২৫৫৭

দিশাবার্তা

সম্পাদক : মো. সহিদ উল্লাহ
নির্বাহী সম্পাদক : গৌতম বিশ্বাস

সদস্য : রোকনুজ্জামান খান
তাহমিনা আক্তার
রিফাত আহমেদ

**ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা)**
ঠিকানা : ই/১০, বর্ধিত পল্লবী, মিরপুর-১১½, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
ফোন : +৮৮ ০২ ৫৮০৫২৪১০
মোবাইল : +৮৮০ ১৭৩৩২১৯৯০০
ই-মেইল : info@disabd.org
www.disabd.org